


## পঞ্চম অধ্যায়
# সামাজিকীকরণ ও উন্নয়ন

## বিষয়-সংক্ষেপ

ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য সামাজিকীকরণ প্রয়োজন। জন্মের পর থেকেই মানবশিশু সমাজের নিয়মকানুন ও রীতিনীতি শিখতে থাকে। একেই বলা হয় তার সামাজিকীকরণ প্রক্রিয়া। সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন হচ্ছে পরিবার। শিশুর সামাজিকীকরণের ৰেত্রে পরিবার বা বাবা-মায়ের পর স্থানীয় সমাজই সবচেয়ে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্থানীয় সমাজের নানা উপাদান বা সংগঠন ব্যক্তির চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচার-আচরণের উপর গভীর প্রভাব ফেলে।

গণমাধ্যম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যক্তির সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। আজকের দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারের সঙ্গে সঙ্গে এর গুরবত্ব ক্রমেই বাড়ছে। সামাজিকীকরণের ৰেত্রে সংবাদপত্র একটি গুরবত্বপূর্ণ মাধ্যম। এছাড়া রেডিও, টেলিভিশন, চলচ্চিত্র মানুষের সামাজিকীকরণের ৰেত্রে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমান যুগ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ। তাই ই-মেইল, ই-কমার্স, ফেসবুক, টুইটার প্রভৃতি বর্তমানে মানুষের সামাজিকীকরণের ৰেত্রে বিশেষ গুরবত্বপূর্ণ প্রভাব বিস্তার করছে।

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

**সামাজিকীকরণ :** প্রত্যেক সমাজের কিছু নিয়মরীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে। মানুষকে এগুলো আয়ত্ব করতে হয়। সমাজের এ নিয়মরীতি আয়ত্ব করার প্রক্রিয়াকেই বলা হয় সামাজিকীকরণ। সামাজিকীকরণ প্রক্রিয়া জন্মের পর হতে শুরব হয় এবং মৃত্যুর মাধ্যমে এর অবসান ঘটে। এ প্রক্রিয়ার মাধ্যমে ব্যক্তি সমাজজীবনের কাঙ্ক্ষিত আচরণ উপযোগী হয়ে ওঠে। এ প্রক্রিয়ায় সমাজের নিয়মনীতি, মূল্যবোধ, বিশ্বাস, আদর্শ ইত্যাদি আয়ত্ব করে ব্যক্তি যেমন নিজের উন্নয়ন ঘটায় তেমনি সমাজ উন্নয়নেও সহায়তা করে।

**সামাজিকীকরণে সমবয়সী সঙ্গীর ভূমিকা :** শিশুর সামাজিকীকরণে সমবয়সী বন্ধু বা সঙ্গীরা গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। খেলার সাথীরা কথাবার্তা, আচার-আচরণ ও চাল-চলনের ৰেত্রে একে অন্যকে প্রভাবিত করে। এর মধ্য দিয়ে তাদের মধ্যে সহমর্মিতা, সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণগুলো বিকশিত হয়।

**সামাজিকীকরণে শিৰাপ্রতিষ্ঠান :** শিৰাপ্রতিষ্ঠানে শিৰার্থীরা পরস্পরের সাথে মিলিত হওয়ার পর্যাপ্ত সুযোগ পায়। ফলে একে অপরের কাছ থেকে অনেক কিছু শেখে। চালচলনে, কথাবার্তা, আচার-আচরণের মাধ্যমে তারা একে অন্যকে প্রভাবিত করে। এর মধ্য দিয়ে তাদের মধ্যে সহমর্মিতা, সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণগুলো বিকশিত হয়। শিৰা প্রতিষ্ঠানের শিৰক-শিৰিকাদের আচার-আচরণ, কথাবার্তা, সহনশীলতা ইত্যাদি শিৰার্থীদের মাঝে ফুটে ওঠে।

**সামাজিকীকরণে গণমাধ্যম :** বৃহৎ জনগোষ্ঠীর নিকট সংবাদ, ধ্যানধারণা, বিনোদন প্রভৃতি পরিবেশন করার মাধ্যমই গণমাধ্যম। এগুলোর মধ্যে রয়েছে সংবাদপত্র, বেতার, চলচ্চিত্র, টেলিভিশন প্রভৃতি। এগুলোর ব্যবহারের ওপর নির্ভর করছে ব্যক্তির সুষ্ঠু সামাজিকীকরণ। দেশ ও বিদেশের মানুষের মধ্যে সম্পর্ক ও সংযোগ সৃষ্টির বাহন গণমাধ্যম।

**সামাজিকীকরণে তথ্য প্রযুক্তি :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ইন্টারনেট প্রযুক্তি বর্তমান দেশ বা দেশের বাহিরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে। আত্মীয়-স্বজন বা বন্ধু-বন্ধবের সঙ্গে ভাববিনিময়, পরস্পরের খোঁজাখবর নেওয়া কিংবা ব্যবসায়িক প্রতিপৰের সঙ্গে পণ্য বিনিময় সংক্রান্ত আলোচনা, চুক্তি ইত্যাদি তখন ঘরে বসে ও অল্প সময়ে করা যায়। এভাবে ব্যক্তির সামাজিকীকরণে ও সমাজের উন্নয়নে তথ্য প্রযুক্তি খুব গুরবত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. স্থানীয় সমাজের উপাদান কোনটি?**
● বিজ্ঞান ক্লাব ⓚ ইউনিয়ন পরিষদ
ⓖ জাতীয় সংসদ ⓖ সিটি কর্পোরেশন

**২. সামাজিকীকরণ প্রক্রিয়া চলতে থাকে—**
ⓚ শৈশব থেকে কৈশোর পর্যন্ত ⓚ শৈশব থেকে যৌবন পর্যন্ত
ⓖ কৈশোর থেকে যৌবন পর্যন্ত ● শৈশব থেকে মৃত্যু পর্যন্ত

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মহসিন বাবা মায়ের প্রচেষ্টায় নিয়মিত পড়াশুনা করে। সে এখন আবৃত্তি দলের সদস্য হয়ে কাজ করছে। তার মা লক্ষ করল যে সে এখন পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবের সাথে আগের চেয়ে ভালো ব্যবহার করছে।

**৩. মহসিনের পরিবর্তনে কোন প্রক্রিয়াটি কাজ করেছে?**
● সামাজিকীকরণ ⓚ অর্থনৈতিক
ⓖ রাজনৈতিক ⓖ পারিবারিক

**৪. উক্ত প্রক্রিয়ার মধ্য দিয়ে ব্যক্তি—**
i. সমাজের নিয়ম পালনে অভ্যস্ত হয়ে গড়ে উঠে
ii. সঠিক আচরণ করতে শিখে
iii. সুনাগরিক হয়ে গড়ে উঠে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ iii ⓖ ii ● i ও ii

## গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. বড়দের সালাম দেওয়া আমাদের সমাজের একটি রীতি। এ রীতি আয়ত্ব করার প্রক্রিয়াকে কী বলা হয়?**
ⓚ সামাজিক মূল্যবোধ ● সামাজিকীকরণ
ⓖ সামাজিক আদর্শ ⓖ সামাজিক শিষ্টাচার

**৬. কোনটি মানুষের চিন্তাভাবনা ও জীবনযাপনকে নানাভাবে প্রভাবিত করে?**
● টেলিভিশন ⓚ প্রেস মিডিয়া ⓖ রেডিও ⓖ চলচ্চিত্র

৭. **সামাজিকীকরণের প্রধান বাহন কী?**
ক বিদ্যালয় ● পরিবার গ মসজিদ ঘ স্থানীয় সমাজ

৮. **স্থানীয় সমাজের উপাদান কোনটি?**
● বিজ্ঞান সংঘ খ জাতীয় সংসদ
গ ইউনিয়ন পরিষদ ঘ সিটি কর্পোরেশন

৯. **কোন প্রযুক্তি বর্তমানে দেশ ও দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে?**
ক টেলিভিশন খ টেলিফোন ● ইন্টারনেট ঘ সিনেমা

১০. **পরিবর্তনশীল বিশ্বের সাথে খাপ খাওয়ানোর জন্য কোনটি বেশি প্রয়োজন?**
ক সংবাদপত্র খ টেলিভিশন ● তথ্য প্রযুক্তি ঘ চলচ্চিত্র

১১. **সামাজিকীকরণের সবচেয়ে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?**
ক চলচ্চিত্র খ রেডিও ● পরিবার ঘ সংবাদপত্র

১২. **কিসের মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে–বিদেশে চিঠি ও তথ্য আদান–প্রদান করা যায়?**
ক ই–কমার্স ● ই–মেইল গ ফেসবুক ঘ টুইটার

১৩. **কোন গণমাধ্যমটি নতুন প্রজন্মকে তার দেশ, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে পরিচিত করে তোলে?**
ক সংবাদপত্র খ শিৰাপ্রতিষ্ঠান
গ রাজনৈতিক প্রতিষ্ঠান ● টেলিভিশন

১৪. **শিৰা প্রতিষ্ঠানে শিশুরা একে অপরকে—**
ক সহমর্মিতা শেখায় ● প্রভাবিত করে
গ নেতৃত্ব শেখায় ঘ মাদকাসক্ত করে

১৫. **নিচের কোনটি জনশিৰার একটি প্রধান মাধ্যম হিসেবে বিবেচিত?**
ক বেতার খ টেলিভিশন গ চলচ্চিত্র ● সংবাদপত্র

১৬. **শিশুর মধ্যে সহমর্মিতা, সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণগুলো বিকশিত হয়—**
ক শিৰাপ্রতিষ্ঠানের মাধ্যমে খ রাজনৈতিক প্রতিষ্ঠানের মাধ্যমে
গ পরিবারের মাধ্যমে ● সমবয়সী সঙ্গীদের মাধ্যমে

১৭. **বাবা–মা বা পরিবারের পর শিশুর সামাজিকীকরণে কোনটি সবচেয়ে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে?**
ক খেলার সাথী খ শিৰক
গ মসজিদের ইমাম ● স্থানীয় সমাজ

১৮. **নতুন প্রজন্মের মানুষের মধ্যে টেলিভিশন কী জাগিয়ে তোলে?**
ক সৌন্দর্যবোধ খ বিলাসিতা ● দেশপ্রেম ঘ চাহিদা

১৯. **আজকের পৃথিবীতে সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি?**
ক সংবাদপত্র খ রেডিও ● টেলিভিশন ঘ চলচ্চিত্র

২০. **বেতার মানুষের মনে প্রসার ঘটায়—**
i. পারস্পরিক অবহেলা ii. সংস্কৃতিবোধ
iii. গণসচেতনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

২১. **রহিম তার বাড়ির পাশে খেলার মাঠে ছেলেমেয়েদের সাথে নিয়মিতভাবে সমসাময়িক খেলাধুলা করে। রহিমের মধ্যে যে আচরণগুলো পরিলৰিত করা যায় তা হলো—**
i. নেতৃত্ব ii. সচেতনতা
iii. সহমর্মিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
স্কুল পড়ুয়া জিসান তার বন্ধুদের সাথে খেলতে ভালোবাসে। সহপাঠী শাকিলের কাছ থেকে সে কম্পিউটার শেখে এবং যেকোনো অনুষ্ঠানে নেতৃত্ব দেয়।

২২. **অনুচ্ছেদে জিসানের সামাজিকীকরণে কোনটি ভূমিকা রাখে?**
ক মা–বাবা খ শ্রেণি শিৰক
● সমবয়সী সঙ্গী ঘ সাংস্কৃতিক সংঘ

২৩. **জিসানের অর্জিত গুণ হলো—**
i. সহমর্মিতা ii. নেতৃত্ব
iii. সৃষ্টিশীল কর্ম
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মৌলি এবার ঈদে ইন্টারনেটে কতগুলো দোকানের পোশাক বিক্রির বিজ্ঞাপন দেখে ঈদ পোশাক পছন্দ করে। সেখান থেকে সে অনলাইনে পোশাক কেনে।

২৪. **অনুচ্ছেদের এ ধরনের পণ্য লেনদেনকে বলা হয়—**
ক ই–মেইল খ অনলাইন ব্যাংকিং ● ই–কমার্স ঘ ফেসবুক

২৫. **মৌলির মতো ইন্টারনেট ব্যবহারকারী—**
i. উন্নত চিন্তা ও ব্যক্তিত্বসম্পন্ন হয়
ii. যেকোনো পরিবেশের সাথে নিজেকে খাপ খাইয়ে চলতে পারে
iii. নেতিবাচক কর্মকাণ্ডে আসক্ত হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## পাঠ-১ : সামাজিকীকরণে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের প্রভাব

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. **পরিবার হলো সামাজিকীকরণে প্রধান—** (অনুধাবন)
● বাহন খ মাধ্যম গ হাতিয়ার ঘ কাঠামো

২৭. **সামাজিকীকরণ কিরূ প প্রক্রিয়া?** (জ্ঞান)
ক জটিল ● চলমান গ স্থির ঘ সৃজনশীল

২৮. **জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের কোন প্রক্রিয়া চলতে থাকে?** (জ্ঞান)
ক অনুসরণ খ শারীরিক বৃদ্ধি গ অনুকরণ ● সামাজিকীকরণ

২৯. **ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য কী প্রয়োজন?**
[শাহজালাল জামেয়া ইসলামিয়া স্কুল এন্ড কলেজ; জে. ভি. গভ. গার্লস হাইস্কুল, কিশোরগঞ্জ]
ক নেতৃত্ব খ সচেতনতা ● সামাজিকীকরণ ঘ মূল্যবোধ

৩০. **সামাজিকীকরণ বলতে কোন বিষয়টি আয়ত্ত করাকে বোঝায়?**
[নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
● সমাজের নিয়মকানুন খ রাষ্ট্রের নিয়মকানুন
গ কুসংস্কার ঘ রাষ্ট্রীয় বিশ্বাস

৩১. **বড়দের সালাম দেওয়া বাংলাদেশের সমাজের একটি রীতি। এ রীতি আয়ত্ত করার প্রক্রিয়াকে কী বলা হয়?** (প্রয়োগ)
ক সামাজিক মূল্যবোধ ● সামাজিকীকরণ
গ সামাজিক আদর্শ ঘ সামাজিক শিষ্টাচার

৩২. **সামাজিকীকরণ বিষয়টির সঙ্গে যুক্ত কারা?** (উচ্চতর দৰতা)
ক সমাজের অভিজ্ঞ লোকেরা খ জ্ঞানী ও চিন্তাশীল নাগরিক
● সমাজের সর্বস্তরের মানুষ ঘ সমাজের সকল শিশু

৩৩. **সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন কোনটি?** (জ্ঞান)
● পরিবার খ স্থানীয় সমাজ গ শিৰা প্রতিষ্ঠান ঘ সমবয়সী সঙ্গী

৩৪. **কীভাবে সমাজের রীতিনীতি সহজেই শেখা যায়?** (অনুধাবন)
ক রাষ্ট্রের নাগরিকদের দেখে ● চারপাশের মানুষের আচার–আচরণ দেখে
গ সহপাঠীদের আচরণ দেখে ঘ সমবয়সীদের আচরণ দেখে

৩৫. **নাদিয়া তার মায়ের মতো পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে এবং রমজান মাসে রোজা রাখে। নাদিয়ার সামাজিকীকরণে কোন সামাজিক প্রতিষ্ঠানের প্রভাব ফুটে উঠেছে?** (প্রয়োগ)
ক স্থানীয় সমাজ ● পরিবার
গ রাজনৈতিক প্রতিষ্ঠান ঘ সমবয়সী সঙ্গী

৩৬. **রাজনৈতিক প্রতিষ্ঠান কীভাবে ব্যক্তির সামাজিকীকরণে ভূমিকা রাখে?** (অনুধাবন)
ক মূল্যবোধ শেখানোর মাধ্যমে
খ আচার–আচরণ শেখানোর মাধ্যমে
● সচেতন ও সংগঠিত করার মাধ্যমে
ঘ নৈতিকতা শেখানোর মাধ্যমে

৩৭. **কোনটি স্থানীয় সমাজের উপাদান?** [বরগুনা জিলা স্কুল]
● খেলাধুলার ক্লাব খ শিৰাপ্রতিষ্ঠান
গ রাজনৈতিক দল ঘ শ্রমিক ইউনিয়ন

৩৮. **স্থানীয় সমাজের উপাদান কোনটি?** [ বরগুনা জিলা স্কুল]
ক ইউনিয়ন পরিষদ খ সিটি কর্পোরেশন
● সাহিত্য সমিতি ঘ জাতীয় সংসদ

৩৯. **রিয়াদ একটি সাহিত্য সমিতির সদস্য। এর মাধ্যমে তার মধ্যে কোনটি জেগে উঠবে?** [কলেজিয়েট স্কুল ও কলেজ, চট্টগ্রাম]

ⓚ বিজ্ঞান মানসিকতা ● সুকুমার বৃত্তি
ⓖ সহনশীলতা ⓘ নেতৃত্ব

৪০. **সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?** [উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]
ⓚ টেলিভিশন ⓛ রেডিও ⓖ বেতার ● সমবয়সী সঙ্গী


৪১. **সামাজিকীকরণের অপেক্ষাকৃত গুরবত্বপূর্ণ মাধ্যম কোনটি?** [বরিশাল জিলা স্কুল]
● স্থানীয় সমাজ | ব্যক্তি নিজে | বইপুস্তক | সাংস্কৃতিক সংঘ

৪২. **কখন সমবয়সীদের সঙ্গে ব্যক্তির খেলাধুলার অপ্রতিরোধ্য আকর্ষণ থাকে?** [সরকারি বালিকা বিদ্যালয়, বরিশাল]
● শৈশবে ⓛ যৌবনে ⓖ বার্ধক্যে ⓘ প্রৌঢ়ে

৪৩. **মিজান তার এলাকার ও বিদ্যালয়ের সমবয়সীদের সঙ্গে খেলাধুলা করতে গিয়ে অনেক কিছু শেখে। এর ফলে মিজানের মধ্যে কোন গুণগুলো বিকশিত হবে?** [ঠাকুরগাঁ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও]
ⓚ সৌন্দর্যবোধ, সহনশীলতা, মূল্যবোধ
ⓛ আচার-আচরণ, চালচলন, কথাবার্তা
ⓖ ভাষা ও অনুকরণ
● সহযোগিতা, নেতৃত্ব, সহনশীলতা

৪৪. **শিৰাপ্রতিষ্ঠানে শিশুরা একে অপরকে কী করে?** [উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]
ⓚ সহমর্মিতা শেখায় ● প্রভাবিত করে
ⓖ নেতৃত্ব শেখায় ⓘ মাদকাসক্ত করে

৪৫. **নিচের (?) চিহ্নিত স্থানে কোনটি হবে?** (প্রয়োগ)




● স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান ⓛ রাজনৈতিক প্রতিষ্ঠান
ⓖ সমবয়সী সঙ্গী ⓘ শিৰাপ্রতিষ্ঠান

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **প্রত্যেক সমাজের রয়েছে–** (অনুধাবন)
i. নিয়ম-রীতি ii. বিশ্বাস ও আদর্শ
iii. সরকার ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪৭. **কাঙ্ক্ষিত ও সুস্থ সমাজজীবনের স্বার্থে ব্যক্তিকে আয়ত্ত করতে হয়–** [বিএএফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর]
i. সমাজের নিয়মনীতি ii. আদর্শ-অভ্যাস
iii. সাম্প্রদায়িক কর্মকাণ্ড
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪৮. **অনন্যা ছায়ানটের একজন নিয়মিত শিল্পী। প্রতি সপ্তাহেই সে ক্লাস করতে যায়। এর মাধ্যমে তার মধ্যে বিকশিত হবে–** (প্রয়োগ)
i. রাজনৈতিক নেতৃত্ব ii. সৌন্দর্যবোধ
iii. বুদ্ধিবৃত্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৪৯. **সমবয়সীদের সংস্পর্শে শিশুর বিকাশ ঘটে—** (অনুধাবন)
i. কঠোর মনোভাব ii. সহযোগিতা
iii. সহনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৫০. **দিহান নিয়মিত তাদের বাড়ির পাশের মাঠে সমবয়সী শিশুদের সাথে খেলাধুলা করে। এর ফলে দিহানের মধ্যে যে গুণগুলো দেখা যাবে তা হলো–** (প্রয়োগ)
i. নেতৃত্ব ii. সৌন্দর্যবোধ
iii. সহমর্মিতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৫১. **লামিয়ার বাবা একটি রাজনৈতিক দলের কর্মী। লামিয়ার বাবা যেভাবে সামাজিকীকরণে ভূমিকা রাখে তা হলো–** (প্রয়োগ)
i. টেলিভিশনে বক্তৃতার মাধ্যমে ii. মানুষকে সচেতন করার মাধ্যমে
iii. মানুষকে সংগঠিত করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৫২. **সমাজের বিভিন্ন সংগঠন প্রভাব বিস্তার করে ব্যক্তির–** (উচ্চতর দৰতা)
i. চিন্তা-চেতনার ওপর ii. আচার-আচরণের ওপর
iii. দৃষ্টিভঙ্গির ওপর
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৩ ও ৫৪নং প্রশ্নের উত্তর দাও :**
মনিরা ছোটবেলা থেকে আচার-ব্যবহার, কথাবার্তা, চলাফেরা প্রভৃতি তার মা-বাবার কাছ থেকে শিখেছে। এভাবে সামাজিক প্রক্রিয়ার মাধ্যমে মনিরা শিশু থেকে ব্যক্তিত্বপূর্ণ মানুষে পরিণত হয়েছে।

৫৩. **মনিরার ব্যক্তিত্বপূর্ণ মানুষে পরিণত হওয়ার ৰেত্রে কোন সামাজিক প্রতিষ্ঠানটি গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করেছে?** (প্রয়োগ)
| খেলার সাথী | শিৰা প্রতিষ্ঠান ● পরিবার | ধর্মীয় সংগঠন

৫৪. **উক্ত সামাজিক প্রতিষ্ঠানটি মনিরার–** (উচ্চতর দৰতা)
i. খাদ্যাভ্যাসে প্রভাব ফেলে ii. ধর্মচর্চাকে প্রভাবিত করে
iii. পোশাক-পরিচ্ছদে প্রভাব রাখে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

# পাঠ-২ ও ৩ : ব্যক্তির সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং গণমাধ্যমের ভূমিকা

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৫. **ইলেকট্রনিক মেইলের সংৰিপ্ত রূপ কী?** (জ্ঞান)
ⓚ ফেসবুক ⓛ জি-মেইল ● ই-মেইল ⓘ ইয়াহু

৫৬. **ইলেকট্রনিক কমার্সের সংৰিপ্ত রূপ কী?** (জ্ঞান)
ⓚ ই-মেইল ● ই-কমার্স ⓖ ই-কাস্টমস | ই-কমিটমেন্ট

৫৭. **কোন পদ্ধতির মাধ্যমে অনলাইনে ক্রেতা-বিক্রেতার মধ্যে পণ্য লেনদেন করা যায়?** (জ্ঞান)
ⓚ ফেসবুক ⓛ টুইটার ⓖ ই-মেইল ● ই-কমার্স

৫৮. **কিসের মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশ-বিদেশে চিঠি ও তথ্য আদান-প্রদান করা যায়?** (জ্ঞান)
● ই-মেইল ⓛ জি-মেইল ⓖ ফেসবুক ⓘ টুইটার

৫৯. **অশ্লীল ও কুরবচিপূর্ণ চলচ্চিত্র সমাজে কী ধরনের প্রভাব ফেলে?** (জ্ঞান)
ⓚ ইতিবাচক ● নেতিবাচক ⓖ পরিপূরক ⓘ সম্পূরক

৬০. **মেধা ও চিন্তার বিকাশ পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে বর্তমানে কোনটির বিকল্প নেই?** (জ্ঞান)
● ই-মেইল ⓛ ফেসবুক ⓖ টেলিভিশন ⓘ জি-মেইল

৬১. **রায়হান ফ্যাশন ডিজাইনার। তিনি বিভিন্ন দেশে তার ডিজাইন প্রদর্শন ও পণ্য বিক্রয়ের জন্য ইন্টারনেট ব্যবহার করেন। রায়হান কোনটির সাহায্যে এ কাজ করেন?** (প্রয়োগ)
ⓚ ফেসবুক ⓛ টুইটার ● ই-কমার্স ⓘ এসএমএস

৬২. **জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশন করা হয়। যে সব মাধ্যমে তাকে কী বলা হয়?** (জ্ঞান)
| সংবাদপত্র | টিভি চ্যানেল ● গণমাধ্যম | রেডিও মাধ্যমে

৬৩. **কোনটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
ⓚ সংবাদপত্র ⓛ বেতার ● ইন্টারনেট ⓘ চলচ্চিত্র

৬৪. **যে প্রযুক্তির সাহায্যে তথ্যসংরৰণ ও ব্যবহার করা যায় তাকে কী বলে?** (জ্ঞান)
ⓚ গন মাধ্যম ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
ⓖ তথ্য প্রযুক্তি ⓘ বেতার প্রযুক্তি

৬৫. **বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কোন মাধ্যম জনশিৰার একটি প্রধান মাধ্যম?** [ভিকারবননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ টেলিভিশন ⓛ রেডিও ● সংবাদপত্র ⓘ চলচ্চিত্র

৬৬. **মানুষের মনের সংকীর্ণতা দূর করে কোন মাধ্যম?** [রাজশাহী ক্যাডেট কলেজ; গভ. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ চলচ্চিত্র ● সংবাদপত্র ⓖ টেলিভিশন ⓘ রেডিও

৬৭. **মানুষের জীবনে শিৰা ও আনন্দ দানের জন্য দ্বৈত ভূমিকা পালন করছে কোনটি?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]

(ক) তথ্যপ্রযুক্তি ● বেতার যন্ত্র
(গ) বাংলা সংবাদপত্র (ঘ) ইংরেজি সংবাদপত্র

**৬৮. ছাত্রছাত্রীদের লেখাপড়ার ৰতি করতে পারে কোন মাধ্যম?** (জ্ঞান)
(ক) রেডিও ● টেলিভিশন (গ) সংবাদপত্র (ঘ) ফেসবুক

**৬৯. কোন ধরনের চলচ্চিত্র ব্যক্তির সামাজিকীকরণে নেতিবাচক প্রভাব ফেলে?** (জ্ঞান)
(ক) আর্ট ফিল্ম (খ) সুস্থ চলচ্চিত্র
(গ) পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্র ● কুরু চিপূর্ণ চলচ্চিত্র

**৭০. শিশুর মূল্যবোধ ও মানবিকতাবোধ জাগিয়ে তোলার মাধ্যমে সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে কোন মাধ্যমটি?**
[ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চবিদ্যালয়]
(ক) সংবাদপত্র (খ) বেতার (গ) টেলিভিশন ● চলচ্চিত্র

**৭১. কোনটি পৃথিবীব্যাপী যোগাযোগ ব্যবস্থার ৰেত্রে যুগান্তর এনেছে?**
[বিএফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর; রাজশাহী কলেজিয়েট স্কুল]
(ক) ই–কমার্স (খ) ই–বুক মেইল (গ) মোবাইল ● ই–মেইল

**৭২. ছবি বিনিময় করা যায় কিসের মাধ্যমে?**
(ক) এসএমএস ● ফেসবুক (গ) ভিডিও চ্যাট (ঘ) ই–কমার্স

**৭৩. সামাজিক যোগাযোগের একটি কার্যকর মাধ্যম কী?** [বরগুনা জিলা স্কুল]
(ক) অপেরা (খ) গুগল ● ফেসবুক (ঘ) ইয়াহু

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৪. টেলিভিশন গণমাধ্যম হিসেবে নানাভাবে প্রভাবিত করে–** (অনুধাবন)
i. মানুষের জীবনযাপনকে
ii. মানুষের সংকীর্ণতাকে
iii. মানুষের চিন্তাভাবনাকে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭৫. গণমাধ্যমে পরিবেশন করা হয়–** (অনুধাবন)
i. সংবাদ ii. মতামত
iii. বিনোদন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৭৬. বেতার প্রচার করে—** (অনুধাবন)
i. অসত্য তথ্য ii. শিৰামূলক অনুষ্ঠান
iii. বিনোদনমূলক অনুষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**৭৭. আধুনিক বিশ্বে সামাজিক যোগাযোগের কার্যকর মাধ্যম হিসেবে প্রমাণিত হয়েছে—** (অনুধাবন)
i. ফেসবুক ii. টুইটার
iii. ই–মেইল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭৮. ফেসবুকের মাধ্যমে মানুষ করে থাকে—** (অনুধাবন)
i. অর্থের লেনদেন ii. যোগাযোগ ও বন্ধুত্ব সৃষ্টি
iii. মতামত ও ছবি বিনিময়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**৭৯. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে বোঝায়–** (অনুধাবন)
i. প্রযুক্তির সাহায্যে তথ্য সংর‌ৰণ
ii. প্রযুক্তির ব্যবহার
iii. প্রযুক্তির উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৮০. গণমাধ্যমের অন্তর্ভুক্ত হচ্ছে–** (অনুধাবন)
i. ই–মেইল ii. বেতার
iii. টেলিভিশন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮১ ও ৮২নং প্রশ্নের উত্তর দাও :**
দিশা তার বাবা মায়ের সাথে ঢাকা শহরে থাকে। সে নিয়মিত স্কুলে যায়, কম্পিউটার চালায়, টিভিতে দেশি–বিদেশি অনেক মজার মজার প্রোগ্রাম দেখে। যার ফলে দিশা সমকালীন সমাজ ও জ্ঞান–বিজ্ঞানকে সহজে গ্রহণ করে এবং দ্রবত বহির্বিশ্বের সাথে নিজেকে খাপ খাওয়াতে পারে।

**৮১. অনুচ্ছেদে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
(ক) শিৰণ প্রক্রিয়া ● সামাজিকীকরণ
(গ) সাধারণ জ্ঞান শিৰা (ঘ) সাংস্কৃতিক জ্ঞান লাভ

**৮২. উক্ত বিষয়টি দিশাকে—** (উচ্চতর দৰতা)
i. সমাজের নিয়মকানুন মেনে চলতে অভ্যস্ত করবে
ii. সমাজবিরোধী কাজ থেকে বিরত রাখবে
iii. সন্ত্রাসী কর্মকান্ডে উদ্বুদ্ধ করবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

# এ অধ্যায়ের পাঠ সমন্বিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৩. সামাজিকীকরণের গুরবত্বপূর্ণ মাধ্যম হচ্ছে–** (অনুধাবন)
i. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
ii. সমবয়সী সঙ্গী
iii. রাজনৈতিক দল
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৮৪. লামিয়ার বাবা একটি রাজনৈতিক দলের কর্মী। লামিয়ার বাবা যেভাবে সামাজিকীকরণে ভূমিকা রাখে তা হলো–** (প্রয়োগ)
i. টেলিভিশনের বক্তৃতার মাধ্যমে
ii. মমানুষকে সচেতন করার মাধ্যমে
iii. মানুষকে সংগঠিত করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**৮৫. ব্যক্তির সামাজিকীকরণে ব্যাপক প্রভাব ফেলে–** (অনুধাবন)
i. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
ii. গণমাধ্যম
iii. আন্তর্জাতিক সংস্থা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৮৬. চলচ্চিত্র সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে–** (অনুধাবন)
i. মূল্যবোধ জাগিয়ে
ii. মানবিকতাবোধ জাগিয়ে
iii. সহমর্মিতাবোধ জাগিয়ে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
মিজান ও রাসেলের বন্ধু শিহাব ৮ম শ্রেণির ছাত্র। শিহাব আন্তঃহাউজ ইনডোর প্রতিযোগিতায় দাবায় পর পর দুইবার প্রথম হয়েছে। রাসেল শিহাবের অনুপ্রেরণায় দাবা শিখে সেও এই বৎসর দ্বিতীয় স্থান দখল করেছে। মিজান ইদানিং প্রায়ই স্কুলে দেরি করে আসে। বাড়ির কাজ ঠিকমতো করে নিয়ে আসে না। শিক্ষক মিজানের মায়ের কাছে জিজ্ঞাসা করলে জানতে পারে মিজান রাত জেগে ইন্টারনেট ব্যবহার করে বন্ধুদের সাথে আড্ডা দেয়।

ক. গণমাধ্যম কী?
খ. ব্যক্তির সামাজিকীকরণের ক্ষেত্রে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা

পালন করে? ব্যাখ্যা কর।

গ. রাসেলের দাবায় দ্বিতীয় স্থান অধিকারের ক্ষেত্রে সামাজিকীকরণের কোন প্রতিষ্ঠানটি প্রভাব বিস্তার করেছে? ব্যাখ্যা কর।

ঘ. "মিজানের ক্ষেত্রে প্রযুক্তির অপব্যবহার লক্ষ করা যায়" – বিশ্লেষণ কর।

### ১নং প্রশ্নের উত্তর

ক. যেসব মাধ্যমে জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশন করা হয় তাকেই গণমাধ্যম বলা হয়।

খ. ব্যক্তির সামাজিকীকরণের ৰেত্রে গণমাধ্যম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। সংবাদপত্র আপন সমাজ ও বিশ্ব সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা সৃষ্টির মাধ্যমে তা মানুষের মনের সংকীর্ণতা দূর করে। বেতার ও রেডিও এর মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি পায় এবং মানুষের মধ্যে সংস্কৃতিবোধ সৃষ্টি হয়। টেলিভিশন দেশপ্রেম জাগ্রত করে। চলচ্চিত্র মূল্যবোধ, মানবিকতা ও সহমর্মিতা বোধ জাগিয়ে তোলে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভাববিনিময় ও বন্ধন সুদৃঢ় করে।

গ. রাসেলের দাবায় দ্বিতীয় স্থান অধিকারের ৰেত্রে সামাজিকীকরণের সমবয়সী সঙ্গী প্রতিষ্ঠানটি প্রভাব বিস্তার করেছে।

সামাজিকীকরণের মাধ্যমগুলোর মধ্যে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের ভূমিকা উলেৱখযোগ্য। এই সামাজিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম প্রধান একটি হলো সমবয়সী বন্ধু বা সঙ্গী। শৈশবে শিশুদের সমবয়সীদের সাথে খেলাধুলার প্রচণ্ড আকর্ষণ থাকে। এভাবে খেলার সাথীরা একে অন্যের কাছ থেকে অনেক কিছু শেখে। তারা একে অন্যের সাথে মিশে বিভিন্ন গুণের অধিকারী হয়। ঠিক যেমন শিহাবের বন্ধু রাসেল শিহাবের অনুপ্রেরণায় দাবা শিখে প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান দখল করেছে।

ঘ. 'মিজানের ক্ষেত্রে প্রযুক্তির অপব্যবহার লক্ষ্য করা যায়'–এ সম্পর্কিত বিশেৱষণ নিচে দেওয়া হলো :
উদ্দীপক থেকে জানা যায়, মিজান রাত জেগে ইন্টারনেট ব্যবহার করে বন্ধুদের সাথে আড্ডা দেয়। এটা অবশ্যই প্রযুক্তির অপব্যবহার। এতে তার অনেক মূল্যবান সময় নষ্ট হয়। ফলে তার পড়াশোনার ৰতি হয়, সে স্কুল থেকে দেওয়া বাড়ির কাজ ঠিকমতো করতে পারে না। রাত জাগার ফলে তার ঘুমের ব্যাঘাত ঘটে এবং এতে তার মানসিক ও শারীরিক স্বাস্থ্যের ব্যাঘাত ঘটতে পারে। দেরি করে ঘুমানোর কারণে সে সকালে সময়মতো ঘুম থেকে উঠতে পারে না। ফলে স্কুলে যেতেও দেরি করে।
সুতরাং বলা যায়, মিজান যদি প্রযুক্তি তথা ইন্টারনেটের সঠিক ব্যবহার করত তবে তার উন্নতি হতো। কিন্তু সে প্রযুক্তির অপব্যবহার করেছে। ফলে উন্নতির পরিবর্তে তার অবনতিই হয়েছে।

## গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
অষ্টম শ্রেণি পড়ুয়া সিয়াম পড়াশোনায় অমনোযোগী হয়ে যাওয়ায় তার বাবা তাকে বর্তমান স্কুল থেকে নিয়ে অন্য একটি নামকরা স্কুলে ভর্তি করিয়ে দেন। সেখানে মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান করা হয়। বিদ্যালয়ের শিৰকদের সহযোগিতায় মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে সে ভালো ফলাফল করতে থাকে।

ক. সামাজিকীকরণের সর্বাপেৰা শক্তিশালী ও জনপ্রিয় মাধ্যম কোনটি? ১

খ. সামাজিকীকরণ একটি চলমান প্রক্রিয়া–ব্যাখ্যা কর। ২

গ. সিয়ামের সামাজিকীকরণে কোন উপাদানটির উলেৱখ রয়েছে–ব্যাখ্যা কর। ৩

ঘ. সিয়ামের মতো ছেলেদের কাছে শিৰাকে আনন্দদায়ক করে তোলার ৰেত্রে শেষোক্ত মাধ্যমটির ভূমিকা অনস্বীকার্য। বিশেৱষণ কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. সামাজিকীকরণের সর্বাপেৰা শক্তিশালী ও জনপ্রিয় মাধ্যম হলো টেলিভিশন।

খ. সামাজিকীকরণ একটি চলমান প্রক্রিয়া। প্রত্যেক সমাজের কিছু নিয়ম–রীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে। মানুষকে এগুলো আয়ত্ব করতে হয়। সমাজের এ নিয়ম–রীতি আয়ত্ব করার প্রক্রিয়াকেই বলা হয় সামাজিকীকরণ। এর মধ্য দিয়েই ব্যক্তি সমাজের নিয়ম–রীতি ও প্রত্যাশিত আচরণের উপযোগী হয়ে গড়ে ওঠে। শৈশব থেকে মৃত্যু অবধি এটা চলতে থাকে।

গ. সিয়ামের সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উলেৱখ রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে বোঝায় সেই প্রযুক্তি যার সাহায্যে তথ্য সংৰরণ ও তা ব্যবহার করা যায়। যেমন: ইন্টারনেট, ফোন প্রভৃতি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যক্তির সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। উদ্দীপকের সিয়াম পড়াশোনায় অমনোযোগী হওয়ায় অন্য একটি স্কুলে তাকে ভর্তি করানো হয়। সেখানে মাল্টিমিডিয়ায় মাধ্যমে পাঠদান করা হয়। সুতরাং বলা যায়, সিয়ামের সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিরই উলেৱখ রয়েছে।

ঘ. সিয়ামের মতো ছেলেদের কাছে শিৰাকে আনন্দদায়ক করে তোলার ৰেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যম মাল্টিমিডিয়ার ভূমিকা অনস্বীকার্য।
তথ্য ও প্রযুক্তিভিত্তিক শিৰা দৃশ্যমান হওয়ায় এবং বাস্তব অবস্থাটিকে শিৰার্থীরা বইয়ের সাথে মিলিয়ে নিতে পারে বলে তা আনন্দদায়ক হয়। উদ্দীপকের সিয়াম যেমন মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে পাঠে মনোযোগী হয় এবং ভালো ফলাফল করতে থাকে।
বস্তুত প্রযুক্তি বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে। আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবের সঙ্গে ভাববিনিময়, পরস্পরের খোঁজখবর নেয়া ইত্যাদি এখন ঘরে বসেও অল্প সময়েই করা যায়। কিছুদিন আগেও যা ভাবা যেত না। তাই মাল্টিমিডিয়ার ব্যবহার পাঠ্যপুস্তকের শিৰাকে দৃশ্যমান, চলমান ও হৃদয়গ্রাহী করার সাথে সাথে অন্যান্যদের সাথে তথ্য বিনিময়ের সুযোগ করে দেয়। আর এভাবে শিৰক শিৰার্থী ও সহপাঠীদের মধ্যে এক যোগাযোগ গড়ে ওঠে। তখন সিয়ামের মতো অমনোযোগী ছেলেদের কাছেও শিৰা আনন্দদায়ক হয়।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
অফিসিয়াল চিঠি আদান–প্রদান, বন্ধু–বান্ধব, আত্মীয়–স্বজনের সাথে যোগাযোগ কিংবা কেনাকাটা সবকিছুতে জনাব মিরাজ তথ্য প্রযুক্তির উপকরণগুলো ব্যবহার করে। অন্যদিকে তার কলেজ পড়ুয়া ছোটভাই সিরাজ পড়ালেখায় অমনোযোগী। সে দিনরাত মাবাইলে চ্যাটিং নিয়েই ব্যস্ত থাকে।

ক. গণমাধ্যম কাকে বলে? ১

খ. সামাজিকীকরণে সমবয়সী সঙ্গীর প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. মিরাজের ব্যবহারকৃত তথ্য প্রযুক্তির উপকরণগুলো সামাজিকীকরণে কোন ধরনের প্রভাব রাখে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সিরাজ তথ্য প্রযুক্তির নেতিবাচক দিকটিই গ্রহণ করেছে'–উক্তিটি বিশেৱষণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশন করা হয় যেসব মাধ্যমে তাকেই বলা হয় গণমাধ্যম।

খ. শিশুর সামাজিকীকরণের ৰেত্রে সমবয়সী বন্ধু বা সঙ্গীরাও গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। শৈশবে সমবয়সীদের সঙ্গে খেলাধুলার আকর্ষণ থাকে অপ্রতিরোধ্য। এভাবে খেলার সাথীরা একে অপরের কাছ থেকে অনেক কিছু শেখে। কথাবার্তা, আচার–আচরণ ও চালচলনের ৰেত্রে তারা একে অন্যকে প্রভাবিত করে। এর মধ্যদিয়ে তাদের মধ্যে সহমর্মিতা, সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণগুলো বিকশিত হয়।

গ. মিরাজের ব্যবহারকৃত তথ্য প্রযুক্তির উপকরণগুলো সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। আজকের দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারের সঙ্গে সঙ্গে এর গুরবত্ব ক্রমেই বাড়ছে।
ই–মেইলের মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে–বিদেশে চিঠি ও তথ্য আদান–প্রদান করা যায়। ই–মেইল পৃথিবী ব্যাপী যোগাযোগ ব্যবস্থার ৰেত্রে যুগান্তর এনেছে। ব্যক্তির সামাজিকীকরণ ও তার মাধ্যমে সমাজের উন্নয়নে ই–মেইল বর্তমানে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করছে। মেধা ও চিন্তার বিকাশ এবং পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে বর্তমানে ই–মেইলের কোনো বিকল্প নেই। ইলেকট্রনিক কমার্সের মাধ্যমে অনলাইনে ক্রেতা–বিক্রেতার মধ্যে পণ্য লেনদেন করা যায়। তাছাড়া ফেসবুক ও টুইটারের সাহায্যে খুব সহজে দেশে বা বিদেশে যে কোনো মানুষের সঙ্গে যোগাযোগ ও বন্ধুত্ব সৃষ্টি এবং মতামত ও ছবি বিনিময় করা যায়। আধুনিক বিশ্বে এটি সামাজিক যোগাযোগের একটি কার্যকর মাধ্যম হিসেবে প্রমাণিত হয়েছে।
উদ্দীপকের মিরাজ অফিসিয়াল চিঠি আদান–প্রদান, বন্ধু–বান্ধব, আত্মীয়–স্বজনের সাথে যোগাযোগ কিংবা কেনাকাটা সবকিছুতেই এসব তথ্য প্রযুক্তি ব্যবহার করেন। আর এসব উপকরণগুলো সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

ঘ. "সিরাজ তথ্য প্রযুক্তির নেতিবাচক দিকটিই গ্রহণ করেছে"– উক্তিটি সঠিক। কারণ ইন্টারনেট, ফেসবুক ও টুইটারেরও কিছু মন্দ বা নেতিবাচক দিক আছে। মানুষের হাতে এগুলোর অপব্যবহার ব্যক্তি ও সমাজ দুয়ের জন্যই মারাত্মক ৰতির কারণ হতে পারে। যেমনটি দেখা যায় উদ্দীপকের সিরাজের মধ্যে। সিরাজ পড়ালেখা বাদ দিয়ে দিনরাত মোবাইলে চ্যাটিং নিয়েই ব্যস্ত থাকে। সিরাজের মতো আজকাল প্রায়ই তরবণসমাজের ওপর ইন্টারনেট ও ফেসবুকের নেতিবাচক প্রভাবের কথা শোনা যাচ্ছে। এ বিষয়ে আমাদের অবশ্যই সচেতন থাকতে হবে।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাতুল তার এলাকায় ভালো বিতার্কিক হিসেবে পরিচিত। এলাকায় ছেলেদের সাথে সে ফুটবল খেলায়ও এগিয়ে আছে। অথচ রাত জেগে টিভি দেখার নেশা থেকে সে বের হতে পারছে না।

ক. ই–কমার্স এর পূর্ণরূ প কী? ১
খ. সামাজিকীকরণে পরিবার সর্বাপেৰা শক্তিশালী বাহন কেন? ২
গ. রাতুলের সামাজিকীকরণে কোন সামাজিক প্রতিষ্ঠানটির প্রভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রাতুলের সামাজিকীকরণে উদ্দীপকের শেষোক্ত মাধ্যমটির ইতিবাচক ও নেতিবাচক প্রভাব রয়েছে"– যুক্তি দেখাও। ৪

### ৪নং প্রশ্নের উত্তর


ক. ই–কমার্স–এর পূর্ণরূ প ইলেকট্রনিক কমার্স।

খ. সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন পরিবার। পরিবারে বসবাস করতে গিয়ে শিশু পরিবারের সদস্যদের প্রতি আবেগ, অনুভূতি, শ্রদ্ধা ও ভালোবাসা জাগিয়ে তোলে। খাদ্যাভাস, পোশাক–পরিচ্ছদ, ধর্মচর্চা, শিৰাগ্রহণ ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে পারিবারিক সংস্কৃতির প্রতিফলন সরাসরি ব্যক্তির ওপর পড়ে। এজন্যই বলা হয় সামাজিকীকরণের সর্বাপেৰা শক্তিশালী বাহন হচ্ছে পরিবার।

গ. উদ্দীপকের রাতুলের সামাজিকীকরণে সামাজিক প্রতিষ্ঠান 'স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান' এর প্রভাব রয়েছে।
স্থানীয় সমাজের বিভিন্ন উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য সমিতি, সাংস্কৃতিক সংঘ, খেলাধুলার ক্লাব, সঙ্গীত শিৰা কেন্দ্র, বিজ্ঞান ক্লাব প্রভৃতি। উদ্দীপকে আমরা দেখতে পাই রাতুল একজন ভালো বিতার্কিক ও ভালো ফুটবল খেলোয়াড় এবং এলাকায় ছেলেদের সাথে ফুটবল খেলায় সে এগিয়ে। সুতরাং সে স্থানীয় সমাজের উপাদান বিভিন্ন সংগঠনের সাথে জড়িত রয়েছে। স্থানীয়ভাবে গড়ে উঠা এসব সংগঠন ব্যক্তির চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচার–আচরণের উপর গভীর প্রভাব ফেলে। ব্যক্তি এসব সংগঠনের সঙ্গে নিজেকে জড়ায়। সংগঠনভুক্ত অন্যদের সঙ্গে মিশে তার বুদ্ধিবৃত্তি, সুকুমার বৃত্তি ও সৌন্দর্যবোধ জেগে উঠে। এই বোধ তাকে সহনশীল হতে শেখায়। এভাবেই ব্যক্তি স্থানীয় সমাজের সঙ্গে নিজেকে খাপ খাওয়ায় এবং তাদের অংশ হয়ে উঠে।
সুতরাং রাতুলের সামাজিকীকরণে স্থানীয় সমাজের বিভিন্ন উপাদানের প্রভাব ব্যাপক।

ঘ. রাতুলের সামাজিকীকরণের উদ্দীপকের শেষোক্ত মাধ্যমটি হলো গণমাধ্যমের অন্তর্ভুক্ত টিভি। রাতুলের রাত জেগে টিভি দেখার নেশা রয়েছে।
গণমাধ্যম ব্যক্তির সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। যেমন : সাধারণ মানুষ বিশেষ করে শিশু–কিশোরদের ওপর টেলিভিশনের প্রভাব খুব বেশি। এ প্রভাব ইতিবাচক ও নেতিবাচক দুই রকমই হতে পারে। টেলিভিশনে যদি বেশি বেশি করে আকর্ষণীয় শিৰা ও তথ্যমূলক অনুষ্ঠান প্রচার করা হয় তবে তা মানুষকে আলোকিত করে তুলতে পারে। আপন দেশ, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে নবীন প্রজন্মের মানুষকে পরিচিত করে তোলার মাধ্যমে টেলিভিশন তাদের মধ্যে দেশপ্রেম জাগিয়ে তুলতে পারে। এর ফলে সামাজিকীকরণের কাজটি সহজ হয়। অন্যদিকে টেলিভিশনের সস্তা বিনোদনমূলক বা কুরবচিপূর্ণ অনুষ্ঠান সমাজের বিশেষ করে শিশু–কিশোর মনের ওপর ৰতিকর প্রভাব ফেলে। তারা অসুস্থ ও বিকৃত মানসিকতা নিয়ে বেড়ে ওঠে। অতিরিক্ত বা রাত জেগে টেলিভিশন অনুষ্ঠান দেখার ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ার ৰতি হয়।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. সামাজিকীকরণের প্রথম বাহন কোনটি? ১
খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২
গ. চিত্রগুলো সামাজিকীকরণের কোন ধরনের মাধ্যমকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত মাধ্যম সামাজিকীকরণের অনেক সময় নেতিবাচক প্রভাব ফেলে"–বিশেৱষণ কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. সামাজিকীকরণের প্রথম বাহন পরিবার।

খ. প্রত্যেক সমাজের কিছু নিয়ম–রীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে। মানুষকে এগুলো আয়ত্ত করতে হয়। সমাজের এই নিয়ম–রীতি আয়ত্ত করার প্রক্রিয়াকেই বলা হয় সামাজিকীকরণ।

গ. টেলিভিশন, সংবাদপত্র ও বেতার; চিত্রগুলো সামাজিকীকরণের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং গণমাধ্যমকে ইঙ্গিত করেছে।

জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশন করা হয় যেসব মাধ্যমে তাকেই বলা হয় গণমাধ্যম। যেমন সংবাদপত্র, বেতার, টেলিভিশন ও চলচ্চিত্র।

**সংবাদপত্র :** সামাজিকীকরণের ৰেত্রে সংবাদপত্র একটি গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের মতো উন্নয়নশীল দেশে সংবাদপত্র জনশিৰার একটি প্রধান মাধ্যম।

**বেতার বা রেডিও :** বেতার কেবল সংবাদই পরিবেশন করে না। শিৰা ও বিনোদনমূলক নানা অনুষ্ঠানও প্রচার করে। এর ফলে গণসচেতনতা বৃদ্ধি পায় এবং মানুষের মধ্যে সংস্কৃতিবোধ সৃষ্টি হয়।

**টেলিভিশন :** আজকের দিনে সারা পৃথিবীতেই টেলিভিশন সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম। মানুষের চিন্তা-ভাবনা ও জীবনযাপনকে এটি নানাভাবে প্রভাবিত করে।

উপরোক্ত আলোচনায় বলা যায় যে, টেলিভিশন, সংবাদপত্র ও রেডিও যন্ত্রগুলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং গণমাধ্যম যা ব্যক্তির সামাজিকীকরণে ব্যাপক ভূমিকা রাখে।

ঘ. অনেক সময় ব্যক্তির সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং গণমাধ্যম নেতিবাচক প্রভাব ফেলে।

টেলিভিশনের সস্তা বিনোদনমূলক বা রবচিপূর্ণ অনুষ্ঠান সমাজের বিশেষ করে শিশু-কিশোর মনের ওপর ৰতিকর প্রভাব ফেলে। তারা অসুস্থ ও বিকৃত মন-মানসিকতা নিয়ে বেড়ে ওঠে। অতিরিক্ত বা রাত জেগে টেলিভিশন অনুষ্ঠান দেখার ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ার ৰতি হয়।

অনুরূ পভাবে সংবাদপত্র ও বেতার বা রেডিও এর প্রতি বেশি আসক্ত হয়ে পড়ে। বিশেষ করে সংবাদপত্রের খেলা ও চিত্তবিনোদন এবং ম্যাগাজিন পড়ে প্রায়ই অনর্থক সময় নষ্ট করে। অনেকৰেত্রে সুস্থ বিনোদনের পরিবর্তে চরিত্রের অবৰয় ঘটায়। এভাবে গণমাধ্যম সামাজিকীকরণের অনেক সময় নেতিবাচক প্রভাব ফেলে।

**প্রশ্ন –৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রিমি একটি তের বছরের মেয়ে। সে তার বাবা-মার সাথে বাস করে। তার বাবা-মাসহ পরিবারের সকল সদস্যরা ধার্মিক। তাঁদের ধর্মীয় কাজ দেখে রিমি সব ভালো জিনিসগুলো শিখেছে। সে ধর্মীয় নিয়মগুলো মেনে চলে ও কখনো খারাপ কাজ করে না।

ক. গণমাধ্যম কী? ১

খ. সামাজিকীকরণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সামাজিকীকরণের কোন দিকটিকে উলেৱখ করা হয়েছে? তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. সামাজিক বিকাশে উক্ত মাধ্যম ছাড়া আর কোন কোন মাধ্যম কাজ করে? বিশেৱষণ কর। ৪

**▶◀ ৬নং প্রশ্নের উত্তর ▶◀**

ক. যেসব মাধ্যমে জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশন করা হয় তাই গণমাধ্যম।

খ. প্রত্যেক সমাজের কিছু নিয়ম-রীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে। মানুষকে এগুলো আয়ত্ত করতে হয়। সমাজের এই নিয়ম-রীতি আয়ত্ত করার প্রক্রিয়াই বলা হয় সামাজিকীকরণ।

গ. উদ্দীপকে সামাজিকীকরণে সামাজিক প্রতিষ্ঠান পরিবারের দিকটিকে উলেৱখ করা হয়েছে।

সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন পরিবার। পরিবারে বসবাস করতে গিয়ে শিশু পরিবারের সদস্যদের প্রতি আবেগ, অনুভূতি, শ্রদ্ধা ও ভালোবাসা জাগিয়ে তোলে। খাদ্যাভাস, পোশাক-পরিচ্ছদ, ধর্মচর্চা, শিৰাগ্রহণ ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে পারিবারিক সংস্কৃতির প্রতিফলন সরাসরি ব্যক্তির ওপর পড়ে। এজন্যই বলা হয় সামাজিকীকরণের সর্বাপেৰা শক্তিশালী বাহন হচ্ছে পরিবার। উদ্দীপকের রিমি তার বাবা-মার সাথে অর্থাৎ পরিবারে বাস করার কারণে বাবা-মার ধার্মিকতার ভালো দিকগুরো তার মধ্যে ফুটে উঠেছে। সুতরাং এখানে পরিবারের দিকটিই উলিৱখিত হয়েছে।

ঘ. সামাজিক বিকাশে উক্ত মাধ্যম অর্থাৎ পরিবার ছাড়া স্থানীয় সমাজ, স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান, সমবয়সী সঙ্গী শিৰা প্রতিষ্ঠান ও রাজনৈতিক প্রতিষ্ঠান ইত্যাদি মাধ্যমগুলো কাজ করে।

**স্থানীয় সমাজ :** চারপাশের মানুষের আচার-আচরণ ও রীতিনীতি দেখতে দেখতে শিশু বেড়ে ওঠে। স্থানীয় মানুষের ভাষাভঙ্গি ও মূল্যবোধ তার আচরণে প্রভাব ফেলে।

**স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান :** স্থানীয় সমাজের বিভিন্ন উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য সমিতি, সাংস্কৃতিক সংঘ, খেলাধুলার ক্লাব, সঙ্গীত শিৰা কেন্দ্র বিজ্ঞান ক্লাব প্রভৃতি। স্থানীয়ভাবে গড়ে ওঠা প্সেব সংগঠন ব্যক্তির চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচার-আচারণের ওপর গভীর প্রভাব ফেলে।

**সমবয়সী সঙ্গী :** শিশুর সামাজিকীকরণের ৰেত্রে সমবয়সী বন্ধু বা সঙ্গীরা গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। কথাবার্তা, আচার-আচরণ ও চালচলনের ৰেত্রে তারা একে অন্যকে প্রভাবিত করে।

**শিৰা প্রতিষ্ঠান :** বিভিন্ন ধরনের শিৰা প্রতিষ্ঠানের শিৰার্থীরা পরস্পরের সাথে মিলিত হওয়ার পর্যাপ্ত সুযোগ পায়। এর মাধ্যমে একে অপরকে নানাভাবে প্রভাবিত করে।

**রাজনৈতিক প্রতিষ্ঠান :** রাজনৈতিক দল, নেতৃত্ব এবং আন্দোলন-সংগ্রামও ব্যক্তির সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। মানুষকে সচেতন ও সংগঠিত করার মাধ্যমে তারা এ কাজটি করে।

সুতরাং উপরোক্ত আলোচনার মাধ্যমে বুঝতে পারা যায় যে, উদ্দীপকের মাধ্যমটি ছাড়াও সামাজিক বিকাশে অন্যান্য মাধ্যমগুলো কাজ করে।

**প্রশ্ন –৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দরিদ্র এক দম্পতির পরিবারে জমজ দুই ছেলের জন্ম হয়। আর্থিক দৈন্যতার কারণে এক ছেলেকে দত্তক হিসেবে দেয় এক ধনী ব্যবসায়ীর নিকট। ছেলেটি শহরের আধুনিক সব সুবিধা ভোগ করে বড় হয়। সে ছেলেটি বন্ধুদের সাথে ই-মেইল, ফেসবুক, ইউটিউব, টুইটার, মোবাইল ইত্যাদির মাধ্যমে যোগাযোগ ও তথ্য আদান-প্রদান করে এবং রাত জেগে আড্ডা দেয়।

ক. ই-কমার্স এর পূর্ণরূ প কী? ১

খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২

গ. দত্তক নেয়া ছেলেটির ৰেত্রে সামাজিকীকরণের কোন উপাদানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত মাধ্যমের অপব্যবহার সামাজিকীকরণে নেতিবাচক ভূমিকা রাখে"-বিশেৱষণ কর। ৪

**▶◀ ৭নং প্রশ্নের উত্তর ▶◀**

ক. ই-কমার্স এর পূর্ণরূ প ইলেকট্রনিক কমার্স।

খ. প্রত্যেক সমাজের কিছু নিয়ম-রীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে। মানুষকে এগুলো আয়ত্ত করতে হয়। সমাজের এ নিয়ম-রীতি আয়ত্ত করার প্রতিয়াকই বলা হয় সামাজিকীকরণ।

গ. উদ্দীপকের দত্তক নেয়া ছেলেটির ৰেত্রে সামাজিকীকরণের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপাদানকে ইঙ্গিত করা হয়েছে। সে ই-মেইল, ফেসবুক, ইউটিউব, টুইটার, মোবাইল ইত্যাদি ব্যবহার করে যা তথ্য আদান-প্রদান ও সংরৰণের মাধ্যম।

ই-মেইল হচ্ছে ইলেকট্রনিক মেইল কথাটার সংৰিপ্ত রূ প। এর মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে-বিদেশে চিঠি ও তথ্য আদান-প্রদান করা যায়। ই-মেইল পৃথিবীব্যাপী যোগাযোগ ব্যবস্থার ৰেত্রে যুগান্তর এনেছে। ব্যক্তির সামাজিকীকরণ ও তার মাধ্যমে সমাজের উন্নয়নে ই-মেইল বর্তমানে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করছে। ফেসবুক ও টুইটারের সাহায্যে খুব সহজে দেশে বা বিদেশে যে কোনো মানুষের সঙ্গে যোগাযোগ ও বন্ধুত্ব সৃষ্টি এবং মতামত ও ছবি বিনিময় করা যায়। আধুনিক বিশ্বে এটি সামাজিক যোগাযোগের একটি কার্যকর মাধ্যম হিসেবে প্রমাণিত হয়েছে। মোবাইলের মাধ্যমে দেশের যেকোনো প্রান্ত থেকে পৃথিবীর যেকোনো প্রান্তে মুহূর্তের মধ্যে যোগাযোগ করতে পারা যায়।

ঘ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অপব্যবহার সামাজিকীকরণে নেতিবাচক ভূমিকা রাখে– উক্তিটি যথার্থ।
বিজ্ঞানের অন্য অনেক আবিষ্কারের মতো মোবাইল, ইন্টারনেট, ফেসবুক ও টুইটারেরও কিছু মন্দ বা নেতিবাচক দিক আছে। মানুষের হাতে এগুলোর অপব্যবহার ব্যক্তি ও সমাজ দুয়ের জন্যই মারাত্মক ৰতির কারণ হতে পারে। আজকাল প্রায়ই তরুণসমাজের ওপর ইন্টারনেট ও ফেসবুকের নেতিবাচক প্রভাবের কথা শোনা যাচ্ছে। বিশেষ করে মোবাইল ফোনের কারণে কম বয়সী ছেলেমেয়েরা রাত জেগে কথা বলার ফলে তাদের পড়াশোনার ৰতি হচ্ছে। মানুষের জন্য রাতের আরামদায়ক নীরবতা বিঘ্নিত হচ্ছে। দ্রুত তথ্য আদান–প্রদানের সুবিধা থাকায় অসৎ লোকেরা সেটাকে কাজে লাগিয়ে নানামুখী অপরাধ তৎপরতা চালাচ্ছে। যা সত্যিই ভয়াবহ একটি দিক। তাছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে মানুষের শারীরিক কিছু সমস্যা সৃষ্টির বিষয়টিও উলেৱখযোগ্য।
উদ্দীপকেও দেখা যায় যে দত্তক ছেলেটি ই-মেইল, ফেসবুক, ইউটিউব, টুইটার, মোবাইল ইত্যাদির মাধ্যমে যোগাযোগ ও তথ্য আদান–প্রদান করে এবং রাত জেগে আড্ডা দেয় যা সামাজিকীকরণের ৰেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নেতিবাচক দিকটিই তুলে ধরে।

**প্রশ্ন –৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রকি অষ্টম শ্রেণির একজন মেধাবী ছাত্র। তার বাবা মা দুজনই সরকারি ব্যাংকে চাকরি করেন। চাকরিজীবী হওয়ায় বাবা মা দুজনের একজনও রকিকে যথাযথ সময় দিতে পারেন না। ফলে তার সামাজিকীকরণে ঘাটতি লৰ্য করে তারা রকিকে সহপাঠী, প্রতিবেশী ও খেলার সাথীদের সাথে মেলামেশার সুযোগ করে দেয়। তাদের চিন্তা ও কৌশল সফল হয়।

ক. ই–কমার্স কী? ১
খ. সামাজিকীকরণে শিৰা প্রতিষ্ঠানের ভূমিকা বর্ণনা কর। ২
গ. রকির সামাজিকীকরণে স্থানীয় সমাজের কার্যকর উপাদানগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, রকির মতো কিশোরদের সামাজিকীকরণে একমাত্র স্থানীয় সমাজের উপাদানই যথেষ্ট? মতামতের সপৰে যুক্তি দাও। ৪

**▸◂ ৮নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. ইলেকট্রনিক কমার্সকে সংৰেপে ই–কমার্স বলে।

খ. সামাজিকীকরণে শিৰা প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিভিন্ন ধরনের শিৰা প্রতিষ্ঠানের শিৰার্থীরা পরস্পরের সাথে মিলিত হওয়ার সুযোগ পায়। এর মাধ্যমে একে অপরকে নানাভাবে প্রভাবিত করে। যেটি একটি শিশুকে সামাজিকীকরণে সহায়তা করে।

গ. রকির সামাজিকীকরণে স্থানীয় সমাজের কার্যকর উপাদানগুলো উলেৱখযোগ্য অবদান রাখতে পারে।
বাবা–মা ও পরিবারের পর স্থানীয় সমাজই শিশুর সামাজিকীকরণের ৰেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। চারপাশের মানুষের আচার–আচরণ ও রীতিনীতি দেখতে দেখতে শিশু বেড়ে উঠে। এভাবে সে সহজেই সমাজের রীতিনীতি শিখে যায়। স্থানীয় মানুষের ভাষাভঙ্গি ও মূল্যবোধ তার আচরণে প্রভাব ফেলে। স্থানীয় সমাজের বিভিন্ন উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য সমিতি, সাংস্কৃতিক সংঘ, খেলাধুলার ক্লাব, সঙ্গীত শিৰা কেন্দ্র, বিজ্ঞান ক্লাব প্রভৃতি। স্থানীয়ভাবে গড়ে উঠা এসব সংগঠন ব্যক্তির চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচার–আচরণের উপর গভীর প্রভাব ফেলে ব্যক্তি এসব সংগঠনের সঙ্গে নিজেকে জড়ায়। সংগঠনভুক্ত অন্যদের সঙ্গে মিশে তার বুদ্ধিবৃত্তি, সুকুমার বৃত্তি ও সৌন্দর্যবোধ জেগে উঠে। এই বোধ তাকে সহনশীল হতে শেখায়। এভাবেই ব্যক্তি স্থানীয় সমাজের সঙ্গে নিজেকে খাপ খাওয়ায় এবং তাদের অংশ হয়ে উঠে। সুতরাং মেধাবী ছাত্র রকির সামাজিকীকরণেও স্থানীয় সমাজের উপাদানগুলো কার্যকর হবে।

ঘ. আমি মনে করি, রকির মতো কিশোরদের সামাজিকীকরণে শুধু স্থানীয় সমাজের উপাদানই যথেষ্ট নয়। এটি ছাড়া আরও অনেকগুলো মাধ্যম রয়েছে। যেমন :
**পরিবার :** পরিবার সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন। পরিবার একটি শিশুর মনে আবেগ, অনুভূতি, শ্রদ্ধা ও ভালোবাসা জাগিয়ে তোলে। খাদ্যাভ্যাস, পোশাক–পরিচ্ছদ ধর্মচর্চা শিৰাগ্রহণ ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে পারিবারিক সংস্কৃতির প্রতিফলন সরাসরি ব্যক্তির ওপর পড়ে।
**সমবয়সী সঙ্গী :** শিশুর সামাজিকীকরণের ৰেত্রে সমবয়সী বন্ধু বা সঙ্গীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কথাবার্তা, আচার–আচরণ ও চালচলনের ৰেত্রে শিশুরা একে অন্যের দ্বারা প্রভাবিত হয়।
শিৰা প্রতিষ্ঠান : শিৰা প্রতিষ্ঠান শিৰার্থীদের মাঝে সেতুবন্ধন সৃষ্টি করে। যার ফলে শিৰার্থীরা একে অপরের থেকে প্রভাবিত হয়।
রাজনৈতিক প্রতিষ্ঠান : রাজনৈতিক নেতৃত্ব এবং আন্দোলন, সংগ্রাম ব্যক্তির সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।
তথ্য ও যোগাযোগ এবং গণমাধ্যম: সংবাদপত্র, বেতার, টেলিভিশন, চলচ্চিত্র, ইলেকট্রিক মেইল, ইলেকটনিক্স কমার্স ফেসবুক, টুইটার ইত্যাদির মাধ্যমেও শিশু–কিশোরদের সামাজিকীকরণ ঘটে।
অতএব আমরা বলতে পারি স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কিন্তু এটিই সামাজিকীকরণের জন্য যথেষ্ট নয়।

**প্রশ্ন –৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রোমেল অষ্টম শ্রেণির ছাত্র। তার বাবা–মা প্রায়ই তার সামনে ঝগড়া বিবাদে লিপ্ত হন। রোমেল বাসায় মা–বাবার সঙ্গ না পেয়ে প্রতিবেশী দুষ্ট প্রকৃতির বন্ধুদের সাথে মেলামেশা করে। ফলে তার মাঝে অনেক নেতিবাচক আচরণ লৰ করা যায়।

ক. সামাজিকীকরণ কাকে বলে? ১
খ. সামাজিকীকরণের ৰেত্রে সংবাদপত্রের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. রোমেলের সামাজিকীকরণের ৰেত্রে তার বন্ধুদের প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রোমেলের বাবা–মায়ের আচরণের পরিবর্তনই পারে তার সুষ্ঠু সামাজিকীকরণের বিকাশ ঘটাতে'– তোমার মতামত দাও। ৪

**▸◂ ৯নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. সমাজের নিয়মনীতি, মূল্যবোধ, বিশ্বাস, আদর্শ ইত্যাদি আয়ত্ত করার প্রক্রিয়াকে সামাজিকীকরণ বলে।

খ. ব্যক্তির সামাজিকীকরণের ৰেত্রে সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সংবাদপত্র পড়ে মানুষ আপন সমাজ ও বিশ্ব সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা লাভ করে যা তার মনের সংকীর্ণতা দূর করে। সংবাদপত্র মানুষের মধ্যে পারস্পরিক সহনশীলতা, সহমর্মিতা ও বিশ্বজনীনতার বোধ সৃষ্টি করে যা প্রকৃতপৰে সামাজিকীকরণে ভূমিকা রাখে।

গ. রোমেলের সামাজিকীকরণের ৰেত্রে তার বন্ধুদের প্রভাব নেতিবাচক প্রভাব রয়েছে।
শিশুর সামাজিকীকরণের ৰেত্রে যদি দুষ্ট প্রকৃতির বন্ধু হয় তবে তার আচরণে সেই দুষ্ট প্রভাবই পড়ে। আর বন্ধু যদি ভালো হয় তবে তার আচরণে ভালো প্রভাবই পড়ে। উদ্দীপকে দেখা যাচ্ছে, রোমেল পাড়ার দুষ্ট ছেলেদের সাথে মিশছে। ফলে তার মধ্যে সামাজিকীকরণের ৰেত্রে ভালো প্রভাব না পড়ে খারাপ প্রভাবই পড়ছে। রোমেলের আচার–আচরণ, সহযোগিতা, সহমর্মিতা, দৃষ্টিভঙ্গি, বুদ্ধিবৃত্তি প্রতিটি ৰেত্রে লৰ করা যাচ্ছে যে, কোনো ভালো প্রভাব না পড়ে কুপ্রভাব পড়ছে।
'রোসেলের বাবা–মায়ের আচরণের পরিবর্তনই পারে পর সুষ্ঠু সামাজিকীকরণের বিকাশ ঘটাতে' মন্তব্যটির সাথে আমি একমত পোষণ করি।

ঘ. ব্যক্তির সুষ্ঠু বিকাশে সামাজিকীকরণ একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। এর মাধ্যমেই একটি শিশু পূর্ণাঙ্গ মানুষে পরিণত হয়। আর এর প্রথম ধাপই পালন করে থাকে বাবা–মা। বাবা–মা'র চিন্তা–চেতনা, আচার–আচরণ, দৃষ্টিভঙ্গি, বুদ্ধিবৃত্তি, সহযোগিতা, সহমর্মিতা, নিয়ম–রীতি, আদর্শ, মূল্যবোধ এগুলো যদি ইতিবাচক হয়, তবে

সেই পরিবারে যে শিশুটি বেড়ে ওঠে তার আচরণের পরিবর্তনও ইতিবাচক হয়। উদ্দীপকে বর্ণিত রোমেলের বাবা-মা প্রায়ই তার সামনে ঝগড়া বিবাদে লিপ্ত হয়। এছাড়া তারা তাকে সঙ্গও দিতে পারে না। তাই সে প্রতিবেশী দুষ্ট প্রকৃতির বন্ধুদের সাথে মেলামেশা করে ফলে তার মাঝে অনেক নেতিবাচক আচরণ লক্ষ করা যায়।
তাই বলতে পারি রোমেলের বাবা-মায়ের আচরণের পরিবর্তনের মাধ্যমেই রোমেলের সুষ্ঠু সামাজিকীকরণ সম্ভব।

**প্রশ্ন -১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সোহেল ও তানভীর দুই বন্ধু। দুজনই একই বিদ্যালয়ে অষ্টম শ্রেণির ছাত্র। সোহেল 'অগ্নিবীণা' নামক একটি প্রতিষ্ঠানে গান শেখে। তানভীর ফেসবুক ও টুইটারের ইতিবাচক ব্যবহারের মাধ্যমে বন্ধুদের সঙ্গে মতবিনিময় করে।

ক. কোন পদ্ধতিতে অনলাইনে পণ্য লেনদেন করা হয়? ১
খ. সামাজিকীকরণে শিক্ষা প্রতিষ্ঠানের অবদান ব্যাখ্যা কর। ২
গ. সোহেলের সামাজিকীকরণের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত 'অগ্নিবীণা' প্রতিষ্ঠানটির ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. তানভীরের ব্যবহৃত সামাজিক যোগাযোগ মাধ্যমটির নেতিবাচক দিক সম্পর্কে মতামত দাও। ৪

### ▸◂ ১০নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ই-কমার্স পদ্ধতিতে অনলাইনে পণ্য লেনদেন করা হয়।

খ. সামাজিকীকরণে শিক্ষাপ্রতিষ্ঠানের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিভিন্ন ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পরস্পরের সাথে মিলিত হওয়ার পর্যাপ্ত সুযোগ পায়। এর মাধ্যমে একে অপরকে নানাভাবে প্রভাবিত করে। এসব শিক্ষা প্রতিষ্ঠান সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

গ. উদ্দীপকের সোহেল 'অগ্নিবীণা' নামক একটি শিক্ষাপ্রতিষ্ঠানে গান শেখে। অতএব, 'অগ্নিবীণা' একটি সংগীত শিক্ষাকেন্দ্র। সংগীত শিক্ষাকেন্দ্র সামাজিকীকরণের অন্যতম মাধ্যম স্থানীয় সমাজের বিভিন্ন উপাদানের অন্তর্ভুক্ত। কাজেই সোহেলের সামাজিকীকরণের ক্ষেত্রে 'অগ্নিবীণা' নামক এ সংগীত শিক্ষাপ্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ ধরনের সংগীত শিক্ষাকেন্দ্র ব্যক্তির চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচার-আচরণের ওপর গভীর প্রভাব ফেলে। ব্যক্তি এ ধরনের সংগঠনের সাথে নিজেকে জড়ায়। সংগঠনভুক্ত অন্যদের সঙ্গে মিশে তার বুদ্ধিবৃত্তি, সুকুমার বৃত্তি ও সৌন্দর্যবোধ জেগে ওঠে। এ বোধ তাকে সহনশীল হতে শেখায়। এভাবেই ব্যক্তি স্থানীয় সমাজের সঙ্গে নিজেকে খাপ খাওয়ায় এবং তাদের অংশ হয়ে ওঠে। সর্বোপরি বলা যায়, সংগীত শিক্ষাকেন্দ্রের মাধ্যমে সামাজিক কৃষ্টির বহিঃপ্রকাশ ঘটে। এতে সংস্কৃতির বিকাশ সাধিত হয় অনেকাংশে। যার মধ্য দিয়ে ব্যাপকভাবে সুষ্ঠু সামাজিকীকরণেরও বিকাশ ঘটে।

ঘ. তানভীরের ব্যবহৃত সামাজিক যোগাযোগ মাধ্যমটি হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। কারণ তানভীর ফেসবুক ও টুইটারের এর ইতিবাচক ব্যবহারের মাধ্যমে বন্ধুদের সঙ্গে মতবিনিময় করে।
ফেসবুক ও টুইটার সামাজিকীকরণের গুরুত্বপূর্ণ মাধ্যম তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অন্তর্ভুক্ত।
আধুনিক যুগে ফেসবুক ও টুইটার সামাজিকীকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ইতিবাচক ভূমিকা পালন করলেও এর নেতিবাচক ভূমিকাকেও উপেক্ষা করা যায় না। বিজ্ঞানের অন্য অনেক আবিষ্কারের মতো ফেসবুক ও টুইটারেরও কিছু মন্দ বা নেতিবাচক দিক রয়েছে। মানুষের হাতে এগুলোর অপব্যবহার ব্যক্তি ও সমাজ উভয়ের জন্যই মারাত্মক ক্ষতির কারণ হতে পারে। কিছু তরুণ ও শিক্ষার্থীরা কাজকর্ম ও পড়ালেখা বাদ দিয়ে দিনের পর দিন রাতের পর রাত ফেসবুক নিয়ে বসে থাকে। এতে যেমনি তারা লেখাপড়ার সুযোগ হারায়, তেমনি কর্মেও পিছিয়ে পড়ে। সময়ের কাজ আর সময়ে করা হয় না। ফলে তাদেরকে নানা ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়। এছাড়াও নানা ধরনের অসামাজিক কর্মকাণ্ডের উৎসাহ দেয় ফেসবুক। ফেসবুক তরুণ-তরুণীদের মাঝে নেতিবাচক সম্পর্ক বৃদ্ধি করে। যা সামাজিক মর্যাদার আওতাভুক্ত নয়। তাই ফেসবুকের নেতিবাচক দিকগুলো থেকে সাবধান হয়ে এর যথাযথ ব্যবহার করা বাঞ্ছনীয়।

**প্রশ্ন -১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সেঁজুতির বাবা মোবাইলে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে প্রতিদিন পেপার পড়েন। বিভিন্ন শিক্ষামূলক পেজ সেভ করে রাখেন এবং সেঁজুতিকে তা পড়তে দেন। বাবা সেঁজুতিকে নেট ব্যবহারের উপযোগী একটি ভালো মোবাইল সেট কিনে দিলেন। মেয়েকে মোবাইল দেওয়ার বিষয়টি তাঁর মা ভালো দৃষ্টিতে নিলেন না।

ক. ই-কমার্স কী? ১
খ. সামাজিকীকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২
গ. সামাজিকীকরণে উদ্দীপকে উল্লিখিত মাধ্যমটির ভূমিকা উল্লেখ কর। ৩
ঘ. সেঁজুতির মা'র এরূপ দৃষ্টিভঙ্গির সাথে তুমি কি একমত? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

### ▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. যে পদ্ধতিতে অনলাইনে ক্রেতা-বিক্রেতার মধ্যে পণ্য লেন-দেন করা যায় তাকে ই-কমার্স বলে।

খ. প্রত্যেক সমাজের কিছু নিয়মরীতি, মূল্যবোধ, বিশ্বাস ও আদর্শ রয়েছে যা মানুষকে আয়ত্ত করতে হয়। সমাজের এই নিয়মরীতি আয়ত্ত করার প্রক্রিয়াকেই সামাজিকীকরণ বলা হয়। সামাজিকীকরণ শৈশব থেকে মৃত্যু আগ পর্যন্ত চলতে থাকে।

গ. সামাজিকীকরণে উদ্দীপকে উল্লিখিত মাধ্যমটি হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
উদ্দীপকে উল্লিখিত সেঁজুতির বাবা মোবাইলে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে প্রতিদিন পেপার পড়েন। বিভিন্ন শিক্ষামূলক পেজ সেভ করে রাখেন এবং সেঁজুতিকে তা পড়তে দেন। এছাড়া বাবা সেঁজুতিকে নেট ব্যবহারের উপযোগী একটি ভালো মোবাইল সেটও কিনে দিলেন যা সামাজিকীকরণের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে নির্দেশ করে।
ইন্টারনেট প্রযুক্তি বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে। আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবের সঙ্গে ভাববিনিময়, পরস্পরের খোঁজখবর নেয়া কিংবা ব্যবসায়িক প্রতিপক্ষের সঙ্গে পণ্যবিনিময় সংক্রান্ত আলোচনা, চুক্তি ইত্যাদি এখন ঘরে বসেও অল্প সময়েই করা যায়। কিছুদিন আগেও যা ভাবা যেত না। এভাবে ব্যক্তির সামাজিকীকরণে ও তার মাধ্যমে সমাজের উন্নয়নে তথ্য প্রযুক্তি খুব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ঘ. সেঁজুতির মা'র এরূপ দৃষ্টিভঙ্গি তথা মেয়ের নেট ব্যবহার উপযোগী মোবাইল সেট ব্যবহারে অনীহা ভাব; এর সাথে আমি সম্পূর্ণরূপে একমত নই।
ইন্টারনেট প্রযুক্তি বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে। আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবের সঙ্গে ভাববিনিময়, পরস্পরের খোঁজখবর নেয়া কিংবা ব্যবসায়িক প্রতিপক্ষের সঙ্গে পণ্যবিনিময় সংক্রান্ত আলোচনা, চুক্তি ইত্যাদি এখন ঘরে বসেও অল্প সময়েই করা যায়। কিছুদিন আগেও যা ভাবা যেত না। এভাবে ব্যক্তির সামাজিকীকরণে ও তার মাধ্যমে সমাজের উন্নয়নে তথ্য প্রযুক্তি খুব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তবে বিজ্ঞানের অন্য অনেক আবিষ্কারের মতো ইন্টারনেটেরও কিছু মন্দ বা নেতিবাচক দিক আছে। মানুষের হাতে এর অপব্যবহার ব্যক্তি ও সমাজ উভয়ের জন্যই মারাত্মক ক্ষতির কারণ হতে পারে। আজকাল প্রায়ই তরুণ সমাজের ওপর ইন্টারনেট ও ফেসবুকের নেতিবাচক প্রভাবের কথা শোনা যাচ্ছে।
যেহেতু ইন্টারনেটের অনেক ইতিবাচক দিকের সাথে কিছু নেতিবাচক দিকও রয়েছে, তাই সেঁজুতির বাবার সেঁজুতিকে নেট ব্যবহারের উপযোগী মোবাইল সেট কিনে দেওয়ার বিষয়টিকে তার

মা ভালো দৃষ্টিতে নিলেন না। সেঁজুতির মা'র এরূ প দৃষ্টিভঙ্গির সাথে আমি সম্পূর্ণরূ পে একমত না হলে ও অনেকটাই একমত।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শায়লার ছেলের বয়স ১২ বছর। সে তার ছেলেকে টিভির সামনে বসতে দেয় না। তার ধারণা টিভির চ্যানেলগুলো দেখার কারণে ছেলেটি খারাপ হয়ে যাবে। বর্তমানে ছেলেটি কারো সাথে মিশতে চায় না। বরং মনমরা হয়ে থাকে। অন্যদিকে রহমান সাহেবের একমাত্র সন্তান রীমা লেখাপড়া শেষ করে একটি বিদেশি সংস্থায় চাকরি করছে। অফিসে সব কাজ হয় কম্পিউটারে। অথচ রহমান সাহেব কত কস্ট করে টাইপ করতেন। রীমা সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে ব্যবহার করে নিজেকে তথ্য প্রযুক্তির সাথে খাপ–খাইয়ে নিচ্ছে।

ক. গণমাধ্যম হিসেবে টেলিভিশনের প্রভাব কয় রকম হতে পারে? ১

খ. সামাজিকীকরণের মাধ্যম হিসেবে চলচ্চিত্র কী ভূমিকা পালন করে? লেখ। ২

গ. উদ্দীপকের শায়লার ছেলেটির মনমরা হয়ে থাকার কারণ কী তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যক্তির সামাজিকীকরণে ই–মেইলের প্রভাব উলেরখ কর। ৪

### ১২নং প্রশ্নের উত্তর

ক. গণমাধ্যম হিসেবে টেলিভিশনের প্রভাব দুই রকম হতে পারে।

খ. সামাজিকীকরণের মাধ্যম হিসেবে চলচ্চিত্র ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনেরই ভূমিকা পালন করে। যেমন : সুস্থ, রবচিশীল ও শিৰামূলক চলচ্চিত্র মানুষকে আনন্দ দেওয়ার পাশাপাশি তাদের মধ্যে মূল্যবোধ, মানবিকতা ও সহমর্মিতার বোধ জাগিয়ে তোলার মাধ্যমে সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। আবার অশৱীল ও কুরবচিপূর্ণ চলচ্চিত্র সমাজের মানুষের মূল্যবোধ ও রবচির অবনতি ঘটায়।

গ. উদ্দীপকের শায়লার ছেলেটির মনমরা হয়ে থাকার কারণ হলো শিশুর সামাজিকীকরণে গণমাধ্যমের ভূমিকা নিতে বাধা পাওয়া।

ব্যক্তির সামাজিকীকরণের ক্ষেত্রে সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আপন সমাজ ও বিশ্ব সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা সৃষ্টির মাধ্যমে তা শিশুর মনের সংকীর্ণতা দূর করে। তাছাড়া, শিশুর সামাজিকীকরণে যেসব প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সেগুলোর মধ্যে টেলিভিশন অন্যতম। টেলিভিশন বিনোদন, তথ্য ও শিক্ষামূলক নানা ধরনের অনুষ্ঠান প্রচার করে শিশুদের আনন্দ ও শিক্ষা দেয়।

রুচিশীল ও শিক্ষামূলক চলচ্চিত্র শিশুদেরকে আনন্দ দেয়ার পাশাপাশি তাদের মূল্যবোধ, মানবিকতা ও সহমর্মিতাবোধ জাগিয়ে তোলার মাধ্যমে সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

উদ্দীপকের শায়লার ছেলেটিকে ভিটির সামনে বসতে না দেওয়ায় ছেলেটি আধুনিক বিশ্বের হালচাল থেকে বিচ্ছিন্ন। এ কারণে তার সামাজিক ও অন্যান্য মননশীলতা ফুটে উঠছে না।

ঘ. ব্যক্তির সামাজিকীকরণে ই–মেইলের প্রভাব অপরিসীম। কারণ বর্তমান যুগ তথ্য ও প্রযুক্তির যুগ। তাই ব্যক্তির সামাজিকীকরণে ই–মেইলের প্রভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। ই–মেইল হচ্ছে ইলেকট্রনিক মেইল কথাটার সংক্ষিপ্ত রূ প। এর মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে–বিদেশে চিঠি ও তথ্য আদান–প্রদান করা যায়। ই-মেইল পৃথিবীব্যাপী যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে বিরাট পরিবর্তন এনেছে। ব্যক্তির সামাজিকীকরণ ও তার মাধ্যমে সমাজের উন্নয়নে এটি বর্তমানে কার্যকর ভূমিকা পালন করছে। মেধা ও চিন্তার বিকাশ এবং পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে ই–মেইলের কোনো বিকল্প নেই।

উদ্দীপকে রহমান সাহেবের সন্তান রীমা তার অফিসের সব কাজ কম্পিউটারে সমাধা করে। তাছাড়া ই–মেইল ব্যবহার করার কারণে যে সমাজবান্ধব হয়ে চলার অনুপ্রেরণা পায়। যা শায়লার সন্তানের মধ্যে অনুপস্থিত।

**প্রশ্ন –১৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

২২শে জুলাই ২০১১ ইং তারিখে 'প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত একটি খবর সকলের দৃষ্টি আকর্ষণ করে। আমেরিকার পুলিশ একটি ফ্ল্যাট থেকে মনিকা নামের পাঁচ বছরের একটি শিশুকে উদ্ধার করেছে। পাঁচ বছর যাবৎ সে ঐ ফ্ল্যাটে বন্দি ছিল। কয়েকটি কুকুর ও বিড়াল ছিল তার সঙ্গী। মনিকা মানুষ দেখলে লাফ দেয় ও প্রাণীদের মতো আচরণ করে।

ক. সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি? ১

খ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে কী বোঝ? ২

গ. মনিকার পূর্ণ ব্যক্তিত্ব বিকাশ না ঘটার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মনিকার খেলার সাথী যদি মানবশিশু হতো তাহলে তার ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটত'– তুমি কি উক্তিটির সঙ্গে একমত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### ১৩নং প্রশ্নের উত্তর

ক. সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম হচ্ছে টেলিভিশন।

খ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হলো সেই প্রযুক্তি যার সাহায্যে তথ্য সংরৰণ ও তা ব্যবহার করা যায়। যেমন, ইন্টারনেট, ফোন প্রভৃতি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যক্তির সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। আজকের দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারের সঙ্গে সঙ্গে এর গুরবত্ব ক্রমেই বাড়ছে।

গ. উদ্দীপকের মনিকার পূর্ণ ব্যক্তিত্ব বিকাশ না ঘটার কারণ হলো সামাজিকীকরণের অভাব। আমরা জানি, সামাজিকীকরণ হলো একটি জীবনব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্মের পর হতে মৃত্যু পর্যন্ত এ প্রক্রিয়া চলতে থাকে। জীবনের প্রতিটি ক্ষেত্রে ব্যক্তি যখন একপর্যায় থেকে আরেক পর্যায়ে প্রবেশ করে তখন নতুন নিয়ম–নীতি, পরিবেশ পরিস্থিতির সঙ্গে নিজেকে খাপ খাওয়াতে হয়। এ খাপ খাইয়ে চলার নাম হলো সামাজিকীকরণ। কোনো শিশুর পূর্ণ বিকাশের জন্য সামাজিকীকরণ অপরিহার্য।

মনিকা বন্দি অবস্থায় ঘরে থাকার কারণে তার সামাজিকীকরণ হয়নি। সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যম যেমন– পরিবার, খেলার সাথী, শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন গণমাধ্যমের সংস্পর্শে সে আসতে পারেনি। যেগুলো তার পূর্ণ বিকাশে সহায়ক ভূমিকা পালন করতে পারত। সুতরাং বলা যায়, সামাজিকীকরণের অভাবে মনিকার ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটেনি।

ঘ. 'মনিকার খেলার সাথী যদি মানবশিশু হতো তাহলে তার ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটত'– আমি এ উক্তিটির সঙ্গে দ্বিমত পোষণ করছি। আমি মনে করি, মনিকার খেলার সাথী মানবশিশু হলেও তার ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটত না। কারণ, মানবশিশুর ব্যক্তিত্বের পূর্ণ বিকাশের জন্য প্রয়োজন সামাজিকীকরণ। আর খেলার সাথী হলো সামাজিকীকরণের একটি মাধ্যম। সামাজিকীকরণের মাধ্যমগুলো হলো– পরিবার, খেলার সাথী, শিক্ষাপ্রতিষ্ঠান, গণমাধ্যম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি।

শিশু তার চলাফেরা, কথাবার্তা, ভদ্রতা প্রভৃতি শিক্ষা পরিবার থেকে অর্জন করে। শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিশু সামাজিক মূল্যবোধ, আদর্শ প্রভৃতি অভ্যাস আয়ত্ত করে। গণমাধ্যমসমূহ শিক্ষামূলক তথ্য ও বিভিন্ন অনুষ্ঠান প্রচারের মাধ্যমে জনগণের ব্যক্তিত্বপূর্ণ মনোভাব গঠনে ভূমিকা রাখে। এছাড়া সামাজিকীকরণের অন্য মাধ্যমগুলোও শিশুর ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটাতে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। কাজেই বলা যায় যে, শিশুর ব্যক্তিত্বের পূর্ণ বিকাশের জন্য সামাজিকীকরণের সব মাধ্যমের ভূমিকাই গুরুত্বপূর্ণ। শুধু একটি মাধ্যম দ্বারা শিশুর পূর্ণ বিকাশ সম্ভব নয়। মনিকা একটি ফ্ল্যাটে বন্দি ছিল বলে সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যমের সংস্পর্শে আশা তার পৰে সম্ভব হয়নি। তবে মনিকার খেলার সাথি মানবশিশু হলেও তার ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ ঘটত না।

**প্রশ্ন –১৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
অহিদের মা একটি কিন্ডারগার্টেন স্কুলের শিৰিকা। তিনি সবসময় অহিদকে সত্য কথা বলতে, ভালো সহপাঠীদের সাথে মিশতে এবং খেলাধুলা করতে বলেন। এছাড়া অবসর সময়ে টিভিতে কিশোরদের জন্য নির্মিত বিভিন্ন শিৰামূলক অনুষ্ঠান দেখতে বলেন। অন্যদিকে সমবয়সী নাহিদ মা–বাবার অনুপস্থিতিতে ইন্টারনেট ব্যবহার করে। বিশেষ করে রাতে ফেসবুকের মাধ্যমে বন্ধুদের সাথে আড্ডা দেয়।

ক. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য কী প্রয়োজন? ১
খ. শিশুর সামাজিকীকরণের জন্য সঠিক খেলার সাথি নির্বাচন জরবরি কেন? ২
গ. অহিদের সামাজিকীকরণের ৰেত্রে তার মায়ের ভূমিকা কিরূ প প্রভাব বিস্তার করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাহিদের আচরণ আমাদের তরুণ সমাজের ওপর ইতিবাচক প্রভাব বিস্তার করছে– বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

**১৪নং প্রশ্নের উত্তর**

ক. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য সামাজিকীকরণ প্রয়োজন।

খ. শিশুর সামাজিকীকরণের ৰেত্রে সঠিক খেলার সাথি গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। শৈশবে সমবয়সীদের সঙ্গে খেলাধুলার আকর্ষণ থাকে অপ্রতিরোধ্য। খেলার সাথিরা একে অপরের কাছ থেকে অনেক কিছু শেখে। কথাবার্তা, আচার–আচরণ ও চালচলনের ৰেত্রে তারা একে অন্যকে প্রভাবিত করে। তাই শিশুর সামাজিকীকরণের জন্য সঠিক খেলার সাথি নির্বাচন জরবরি।

গ. অহিদের সামাজিকীকরণের ৰেত্রে তার মায়ের ভূমিকা ইতিবাচক প্রভাব বিস্তার করে। জন্মের পর থেকেই মানবশিশু সমাজের নিয়মকানুন ও রীতিনীতি শিখতে থাকে। একে বলা হয় তার সামাজিকীকরণ প্রক্রিয়া। বাবা–মা শিশুর সামাজিকীকরণ প্রক্রিয়া শেখাতে সবচেয়ে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। উদ্দীপকের অহিদের মা সব সময় অহিদকে সত্য কথা বলতে, ভালো সহপাঠীদের সঙ্গে মিশতে এবং খেলাধুলা করতে বলেন। এছাড়া অবসর সময়ে টিভিতে কিশোরদের জন্য নির্মিত বিভিন্ন শিৰামূলক অনুষ্ঠান দেখতে বলেন।
এভাবে অহিদের মা অহিদকে মূল্যবোধ, সমাজের নিয়মরীতি, বুদ্ধিবৃত্তি ও সৌন্দর্যবোধ জাগ্রত করতে সহায়ক ভূমিকা রাখছেন। এর মধ্য দিয়ে অহিদ প্রত্যাশিত আচরণের উপযোগী হয়ে গড়ে উঠছে। স্থানীয় সমাজের সঙ্গে অহিদ খাপখাইয়ে নিতে পারছেন।
সুতরাং বলা যায়, অহিদের সামাজিকীকরণের ৰেত্রে তার মায়ের ভূমিকা ইতিবাচক প্রভাব বিস্তার করছে।

ঘ. নাহিদের আচরণ আমাদের তরবণ সমাজের ওপর ইতিবাচক প্রভাব বিস্তার করছে– বক্তব্যটি সঠিক নয়।
নাহিদ মা–বাবার অনুপস্থিতিতে ইন্টারনেট ব্যবহার করে। বিশেষ করে রাতে ফেসবুকের মাধ্যমে বন্ধুদের সাথে আড্ডা দেয়। রাত জেগে ইন্টারনেট ব্যবহার শিশু–কিশোর মনের উপর ৰতিকর প্রভাব ফেলে। তারা অসুস্থ ও বিকৃত মন–মানসিকতা নিয়ে বেড়ে ওঠে। অতিরিক্ত রাত জেগে ইন্টারনেট ব্যবহারের ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ার ৰতি হয়।
বিজ্ঞানের অন্য অনেক আবিষ্কারের মতো ইন্টারনেটের কিছু নেতিবাচক দিক আছে। এগুলোর অপব্যবহার ব্যক্তি ও সমাজ উভয়ের জন্যই মারাত্মক ৰতির কারণ হতে পারে।
কাজেই বলা যায়, নাহিদের আচরণ আমাদের তরবণ সমাজের ওপর ইতিবাচক প্রভাব বিস্তার করছে– বক্তব্যটি সঠিক নয়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –১৫ ▸** সুহৃদ রংপুরের একটি নামকরা স্কুলের শিৰার্থী। স্কুলে সে ছাত্রদের সংস্পর্শে এসে তাদের আচার–আচরণ প্রত্যৰ করে। সে শিৰকদের কথাও মনোযোগ দিয়ে শোনে। স্কুলের বিভিন্ন সংগঠনের সাথে সে যুক্ত। এভাবে ধীরে ধীরে তার মধ্যে জাতীয়তাবোধ ও দেশপ্রেম জাগ্রত হয়। সে বাংলাদেশের সামাজিক অবস্থায় নিজেকে খাপ খাওয়াতে শেখে।

ক. ব্যক্তির কিসের জন্য সামাজিকীকরণ প্রয়োজন? ১
খ. সুস্থ ও অশৱীল চলচ্চিত্রের মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. সুহৃদ সামাজিকীকরণের কোন মাধ্যমের সংস্পর্শে এসেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উলিৱখিত মাধ্যম ছাড়াও সামাজিকীকরণের আর কোন কোন মাধ্যম মানুষের জীবনে প্রভাব রাখে? ৪

**প্রশ্ন –১৬ ▸** শিৰাবোর্ডের ওয়েবসাইট থেকে রাজীবের পরীৰার ফলাফল জেনে প্রবাসী বাবা ছেলেকে একটি কম্পিউটার গিফট করলেন। এখন এই কম্পিউটারে গেম খেলে রাজীব বেশ আনন্দ পায়। কিন্তু খেলায় অতিরিক্ত সময় ব্যয় করতে গিয়ে ইদানীং সে প্রায়ই স্কুলের ক্লাস ফাঁকি দিচ্ছে।

ক. ই–কমার্স কী? ১
খ. সামাজিকীকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২
গ. রাজীবের ফলাফল যে মাধ্যমে জানা হয়েছে সামাজিকীকরণে এর প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. রাজীব উক্ত মাধ্যমটির অপব্যবহার করেছে তুমি কী একমত? বিশেৱষণ কর। ৪

**প্রশ্ন –১৭ ▸** ইদ্রিসের মামা প্রায় বিশ বছর পর দেশে এসে দেখেন সব গ্রামে প্রযুক্তির ছোঁয়া লেগেছে। ঘরে বসেই সবাই ছবিসহ অনুষ্ঠান দেখতে পাচ্ছে। এসব অনুষ্ঠানের ভালো ও খারাপ দিক দুই আছে।

ক. সামাজিকীকরণ কী? ১
খ. স্থানীয় সমাজ কীভাবে সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে গণমাধ্যমের যে দিকটির সাথে মিল পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত গণমাধ্যম ছাড়া আরও অনেক গণমাধ্যম যোগাযোগের ৰেত্রে বিশেষ অবদান রাখতে পারে– বিশেৱষণ কর। ৪

**প্রশ্ন –১৮ ▸** রোকন গ্রামে বসবাস করে। সেখানে তাদের বিনোদনের একমাত্র মাধ্যম হলো সংবাদপত্র, রেডিও ও টেলিভিশন। প্রয়োজনের তাগিদে শহরে তার ভাইয়ের বাসায় এসে লৰ করল আধুনিক যুগে আবিষ্কৃত সকল প্রযুক্তি তাদের ঘরে আছে। তার ভাইয়ের ছেলে সিহাব একটি ভালো বিদ্যালয়ে লেখাপড়া করে। কিন্তু রাত জেগে ই–মেইল, ইন্টারনেট ইত্যাদির মাধ্যমে তার বন্ধুদের সাথে আড্ডা দেয়। সে আরও জানতে পারে তার ভাইয়ের ছেলে সিহাব গত বার্ষিক পরীৰায় ভালো ফলাফল করতে পারেনি।

ক. সামাজিকীকরণ কোন ধরনের প্রক্রিয়া? ১
খ. সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ একটি গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. রোকনের গ্রামের বাড়িতে সামাজিকীকরণের কোন মাধ্যমটি কার্যকর? ব্যাখ্যা কর। ৩
ঘ. “সিহাবের ৰেত্রে প্রযুক্তির অপব্যবহার লৰ করা যায় বিশেৱষণ কর। ৪

## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জাহ্নবি অষ্টম শ্রেণির ছাত্রী। প্রতিদিন সে তার পড়ালেখা শেষ করে বিকেলে টিভির সামনে বসে। টিভিতে আজ সে একটি ছবি দেখছে। ছবিতে সে দেখতে পেল, এক নবাব কীভাবে ঘনিষ্ঠজনদের ষড়যন্ত্র ও অসহযোগিতার ফলে নির্মমভাবে পরাজিত হয়। টিভিতে ছবিটি সম্পূর্ণ দেখার পর ইতিহাসের একটি গুরবত্বপূর্ণ অধ্যায় সম্পর্কে সে অবহিত হয়। [১ম ও ৫ম অধ্যায়]

ক. ভারত শাসন আইন জারির ফলে কী হয়? ১
খ. সামাজিকীকরণ প্রক্রিয়া কীভাবে ব্যক্তি ও সমাজজীবনের উন্নয়ন ঘটায়? ২
গ. সমাজের ওপর টেলিভিশনের নেতিবাচক প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মাধ্যমটি জাহ্নবিকে আলোকিত মানুষে পরিণত করবে কি? তোমার মতামত দাও। ৪

### ১৯নং প্রশ্নের উত্তর

ক. ভারত শাসন আইন জারির ফলে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে।

**খ.** সমাজের ওপর টেলিভিশনের নানা নেতিবাচক প্রভাব রয়েছে। টেলিভিশনের সস্তা বিনোদনমূলক বা কুরবচিপূর্ণ অনুষ্ঠান সমাজের বিশেষ করে শিশু–কিশোরদের মনের ওপর ৰতিকর প্রভাব ফেলে। তাছাড়া রাত জেগে টেলিভিশন অনুষ্ঠান দেখার ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ায় ৰতি হয়।

গ. উদ্দীপকে জাহ্নবির দেখা ছবিটিতে পলাশীর যুদ্ধের কথা বলা হয়েছে। নবাব সিরাজউদ্দৌলা ২২ বছর বয়সে সিংহাসনে বসলে তার নিকটাত্মীয়রা এবং নবাবের দরবারের একটি অংশ নবাবকে মসনদ থেকে হঠানোর জন্য ইংরেজদের সাথে চক্রান্ত করে নবাবের বিরবদ্ধে ষড়যন্ত্র শুরব করে। নবাব ইংরেজদের দমন করার চিন্তা নিয়ে অগ্রসর হলে ইংরেজদের সাথে যুদ্ধ শুরব হয়, যা ইতিহাসে পলাশীর যুদ্ধ নামে পরিচিত। নবাবের সেনাপতি মীরজাফরের বিশ্বাসঘাতকতার ফলে নবাবের পরাজয় ঘটে এবং নির্মমভাবে তাকে হত্যা করা হয়।
উদ্দীপকের জাহ্নবি টেলিভিশনে এ বিষয়টিই ছবি দেখার মাধ্যমে অবগত হয় যা ইতিহাসের একটি গুরবত্বপূর্ণ অধ্যায়।

ঘ. উদ্দীপকের মাধ্যম তথা টিভি জাহ্নবিকে আলোকিত মানুষে পরিণত করবে বলে আমি মনে করি।
এ সম্পর্কে আমার মত হলো আজকের দিনে সারা পৃথিবীতে সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম হচ্ছে টেলিভিশন। মানুষের চিন্তাভাবনা ও জীবনযাপনকে এটি নানাভাবে প্রভাবিত করে। টেলিভিশন বিনোদন এবং তথ্য ও শিৰামূলক নানা ধরনের অনুষ্ঠান প্রচার করে। এ ধরনের অনুষ্টান শোভনকে আনন্দ ও শিক্ষা দিতে পারে। যেমনটি উদ্দীপকের জাহ্নবিকে শিৰা দেয়। জাহ্নবি টিভিতে নবাব সিরাজউদ্দৌলা ছবিটি দেখে ইতিহাসের গুরবত্বপূর্ণ একটি অধ্যায় রপ্ত করে।
আপন দেশ, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে পরিচিত করে তোলার মাধ্যমে টেলিভিশন জাহ্নবির মধ্যে দেশপ্রেম জাগিয়ে তুলতে পারে।
টেলিভিশনে বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতা, তথ্য ও অনুসন্ধানমূলক অনুষ্ঠান প্রচারিত হয়, যা শোভনের জ্ঞানের পরিধির বিস্তৃতি ঘটাতে পারে।টেলিভিশনে প্রচারিত এ অনুষ্ঠানগুলো জাহ্নবির জ্ঞানের পরিধি বিস্তৃতির সাথে সাথে কুসংস্কার ও অন্ধকার দূরীভূত করতে পারে।
এভাবে টেলিভিশনে প্রচারিত আকর্ষণীয় শিৰা ও তথ্যমূলক অনুষ্ঠান জাহ্নবিকে আলোকিত মানুষে পরিণত করবে বলে আমি মনে করি।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ উন্নয়নশীল দেশে জনশিৰার একটি প্রধান মাধ্যম কোনটি?**
**উত্তর :** উন্নয়নশীল দেশে জনশিৰার একটি প্রধান মাধ্যম হচ্ছে সংবাদপত্র।

**প্রশ্ন ॥ ২ ॥ সামাজিকীকরণ কী ধরনের প্রক্রিয়া?**
**উত্তর :** সামাজিকীকরণ জীবনব্যাপী প্রক্রিয়া।

**প্রশ্ন ॥ ৩ ॥ ই–মেইল কথাটির পূর্ণরূ প কী?**
**উত্তর :** ই–মেইল কথাটির পূর্ণরূ প হলো ইলেক্ট্রনিক মেইল।

**প্রশ্ন ॥ ৪ ॥ সমাজের নিয়মরীতি আয়ত্ত করার প্রক্রিয়াকে কী বলে?**
**উত্তর :** সমাজের নিয়মরীতি আয়ত্ত করার প্রক্রিয়াকে সামাজিকীকরণ বলে।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোনটির মধ্যদিয়ে ব্যক্তি সমাজের নিয়মরীতি ও প্রত্যাশিত আচরণের উপযোগী হয়ে গড়ে ওঠে?**
**উত্তর :** সামাজিকীকরণের মধ্যদিয়ে ব্যক্তি সমাজের নিয়মরীতি ও প্রত্যাশিত আচরণের উপযোগী হয়ে গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৬ ॥ স্থানীয় মানুষের ভাষাভঙ্গি ও মূল্যবোধ কার আচরণে প্রভাব ফেলে?**
**উত্তর :** স্থানীয় মানুষের ভাষাভঙ্গি ও মূল্যবোধ শিশুর আচরণে প্রভাব ফেলে।

**প্রশ্ন ॥ ৭ ॥ কোনটি আপন সমাজ ও বিশ্ব সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা সৃষ্টি করে?**
**উত্তর :** সংবাদপত্র আপন সমাজ ও বিশ্ব সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা সৃষ্টি করে।

**প্রশ্ন ॥ ৮ ॥ কোনটি মানুষের মনের সংকীর্ণতা দূর করে?**
**উত্তর :** সংবাদপত্র মানুষের মনের সংকীর্ণতা দূর করে।

**প্রশ্ন ॥ ৯ ॥ বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে কোন প্রযুক্তি?**
**উত্তর :** ইন্টারনেট প্রযুক্তি বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে।

**প্রশ্ন ॥ ১০ ॥ কোনটির মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে–বিদেশে চিঠি ও তথ্য আদান–প্রদান করা যায়?**
**উত্তর :** ই মেইলের মাধ্যমে খুব অল্প সময়ে ও কম খরচে দেশে–বিদেশে চিঠি ও তথ্য আদান–প্রদান করা যায়।

**প্রশ্ন ॥ ১১ ॥ মেধা ও চিন্তার বিকাশ এবং পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে বর্তমানে কোনটির কোনো বিকল্প নেই?**
**উত্তর :** মেধা ও চিন্তার বিকাশ এবং পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে বর্তমানে ই-মেইলের কোনো বিকল্প নেই।

### ■ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ সমাজের ওপর টেলিভিশনের নেতিবাচক প্রভাব ব্যাখ্যা কর।**
**উত্তর :** সমাজের ওপর টেলিভিশনের নানা নেতিবাচক প্রভাব রয়েছে। টেলিভিশনের সস্তা বিনোদনমূলক বা কুরবচিপূর্ণ অনুষ্ঠান সমাজের বিশেষ করে শিশু–কিশোরদের মনের ওপর ৰতিকর প্রভাব ফেলে। তাছাড়া রাত জেগে টেলিভিশন অনুষ্ঠান দেখার ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ায় ৰতি হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ সামাজিকীকরণের মাধ্যম হিসেবে চলচ্চিত্রের গুরবত্ব কিরূ প?**
**উত্তর :** সামাজিকীকরণের মাধ্যম হিসেবে চলচ্চিত্র নানাদিক থেকে গুরবত্বপূর্ণ। সুস্থ, রবচিশীল ও শিৰামূলক চলচ্চিত্র মানুষকে আনন্দ দেয়ার পাশাপাশি তাদের মধ্যে মূল্যবোধ, মানবিকতা ও সহমর্মিতার বোধ জাগিয়ে তোলার মাধ্যমে সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ ব্যক্তির সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব ব্যাখ্যা কর?**
**উত্তর :** ব্যক্তির সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব খুবই ব্যাপক। ইন্টারনেট প্রযুক্তি বর্তমানে দেশ বা দেশের বাইরে এক মানুষের সঙ্গে অন্য মানুষের যোগাযোগকে খুবই সহজ করে দিয়েছে। আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবদের সঙ্গে ভাববিনিময়, পরস্পরের খোঁজখবর নেয়া কিংবা ব্যবসায়িক প্রতিপৰের সঙ্গে পণ্যবিনিময় সংক্রান্ত আলোচনা, চুক্তি ইত্যাদি এখন ঘরে বসেও অল্প সময়েই করা যায়। এভাবে ব্যক্তির সামাজিকীকরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ স্থানীয় সমাজ কীভাবে সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে? ব্যাখ্যা কর।**
**উত্তর :** পরিবারের পর স্থানীয় সমাজই শিশুর সামাজিকীকরণের ৰেত্রে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। চারপাশের মানুষের আচার আচরণ ও রীতিনীতি দেখতে দেখতে শিশু বেড়ে ওঠে। এভাবেই সে সমাজের

রীতিনীতি শিখে যায়। স্থানীয় মানুষের ভাষাভঙ্গি ও মূল্যবোধ তার | আচরণে প্রভাব ফেলে।